## রাস্তার শিলান্যাস

**নিউজ ব্যুরো**

**১০ মার্চ :** প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার বরাদ্দ অর্থে নয় কিলোমিটার রাস্তার কাজের সূচনা করলেন বিধায়ক গৌতম পাল। উপস্থিত ছিলেন করণদিঘির বিডিও জয়ন্তদেবব্রত চৌধুরী সহ প্রমুখ। বিধায়ক গৌতম পাল বলেন, 'প্রায় নয় কিলোমিটার রাস্তার জন্য ৯ কোটি ২১ লক্ষ ৪৭ হাজার টাকা বরাদ্দ হয়েছে।'

অপরদিকে, ডালখোলা থানার সুর্য্যাপুর বাজার থেকে লালগঞ্জ হয়ে খুদ্দন পর্যন্ত ১১ কিলোমিটার রাস্তার শিলান্যাস করেন চাকুলিয়ার বিধায়ক মিনহাজুল আরফিন আজাদ। উপস্থিত ছিলেন গোয়ালপোখর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি আনোয়ার আলম সহ প্রমুখ। বিধায়ক মিনহাজুল আরফিন আজাদ বলেন, 'কেন্দ্র ও রাজ্য সরকারের উদ্যোগে ১২ কোটি ২৭ লক্ষ অর্থ ব্যয়ে এই রাস্তার এক্সটেনশন ও মেরামত হবে।'

রবিবার বৈষ্ণবনগর বিধানসভার অন্তর্গত তেলিপাড়া থেকে বৈদ্যনাথপুর পর্যন্ত রাস্তার শিলান্যাস হল। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পের ৩ কোটি ৩৪ লক্ষ ৯৬ হাজার টাকা ব্যয়ে সাত কিলোমিটার রাস্তার শিলান্যাস করেন বৈষ্ণবনগর বিধানসভার বিধায়ক চন্দনা সরকার।

## বিষপানের পর মৃত্যু বধূর

**মালদা, ১০ মার্চ :** অস্বাভাবিক মৃত্যু এক গৃহবধূর। বিয়ের এক বছরের মধ্যেই বিষপান করে ওই বধূ আত্মহত্যা করেছেন বলে পরিবারের দাবি। তবে কেন তিনি ওই পথ বেছে নিলেন, তা নিয়ে ধন্দে সকলেই। মৃতদেহটিকে ময়নাতদন্তে পাঠিয়ে সংশ্লিষ্ট থানার সঙ্গে যোগাযোগ শুরু করেছে ইংরেজবাজার থানার পুলিশ।

মৃত তরুণীর নাম ডলি তুরি (১৮)। বাড়ি সাহেবগঞ্জের জামপুর এলাকায়। প্রায় এক বছর আগে ওই এলাকারই সিকন্দর রবিদাসের সঙ্গে বিয়ে হয় ডলির। শনিবার রাতে সকলের অজান্তে বিষপান করেন ডলিদেবী। বিষয়টি নজরে আসতেই পরিবারের লোকজন তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে মালদা মেডিকেলে স্থানান্তরিত করা হয়। রবিবার সন্ধ্যায় চিকিৎসাধীন অবস্থাতেই মৃত্যু হয় তাঁর।

## ওয়াকফ প্রতিবাদ

**কুমারগঞ্জ, ১০ মার্চ :** ওয়াকফ সংশোধনী বিল বাতিলের দাবিতে পথে নামল জমিয়তে উলামায়ে হিন্দ সংগঠন। সোমবার কুমারগঞ্জ ব্লকের রাইখন হাটে এই বিল বাতিলের দাবিতে এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সংগঠনের নেতা মুফতিমফিজউদ্দিন মোল্লা, জয়নাল আবেদিন সহ প্রমুখ।

## শান্তি বৈঠক

**সামশেরগঞ্জ, ১০ মার্চ :** সামশেরগঞ্জ থানার উদ্যোগে সর্বধর্মীয় শান্তি বৈঠক অনুষ্ঠিত হল সোমবার। ইদ এবং হোলি উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যেই এই বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন ফরাক্কার এসডিপিও আমিনুল ইসলাম খান, জঙ্গিপুরের সার্কেল ইনস্পেকটর স্বরূপ বিশ্বাস, সামশেরগঞ্জ থানার ওসি শিবপ্রসাদ ঘোষ প্রমুখ।

## সম্মাননা

**রায়গঞ্জ, ১০ মার্চ :** যাদবপুরের কেপিসি মেডিকেল কলেজের পক্ষ থেকে বিশেষ সম্মাননা পেলেন রায়গঞ্জের বিশিষ্ট চিকিৎসক ডাঃ জয়ন্ত ভট্টাচার্য। প্রাইমারি কেয়ার ও পাবলিক হেল্থের জন্য এই অ্যাওয়ার্ড পেলেন জয়ন্তবাবু। তাঁর হাতে মেডেল, শংসাপত্র ও ২০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়।



শুকনো পুকুরে মাছের খোঁজ। সোমবার বালুরঘাটে। - মাজিদুর সরদার

### শ্রমিকের কাজে গিয়ে মুম্বইয়ে হাসপাতালে ভর্তি

# ভিনরাজ্যে অসুস্থ স্বামী, সাহায্যের আবেদন স্ত্রীর

**আজাদ**

**মানিকচক, ১০ মার্চ :** সংসারের ঘানি টানতে শারীরিক অসুস্থতা নিয়েই মানিকচকের ধরমপুর গ্রাম পঞ্চায়েতের বড়বাগান রামচাঁদটোলার পরিযায়ী শ্রমিক বিকাশ মণ্ডল কাজের তাগিদে পাড়ি দিয়েছিলেন ভিনরাজ্যে। মুম্বইয়ের দাদারি এলাকায় প্যান্ডেল নির্মাণের কাজে যোগও দেন। কিন্তু কিছুদিন কাজ করার পরই গুরুতর অসুস্থ হয়ে পড়েন বিকাশ। বর্তমানে কিডনি ও লিভারজনিত রোগে গুরুতর আক্রান্ত তিনি। মুম্বইয়ের একটি বেসরকারি হাসপাতালে আইসিইউতে ভর্তি। চিকিৎসার জন্যে প্রয়োজন মোটা অঙ্কের টাকা।

> চিকিৎসার জন্য অনেক টাকার প্রয়োজন। আমি আমার স্বামীকে বাঁচাতে চাই। স্বামীর চিকিৎসার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি।
>
> **বিশাখা মণ্ডল**
> অসুস্থ শ্রমিকের স্ত্রী

কিন্তু বিকাশের মতো দুঃস্থ পরিযায়ী শ্রমিকের পরিবার এত টাকা পাবে কোথায়। আর চিকিৎসা করাতে না পারলে অকালেই চিকিৎসার অভাবে প্রাণ হারাতে হবে বিকাশকে। গ্রামের বাড়িতে রয়েছে বিকাশের স্ত্রী ও তার দুই নাবালক সন্তান। বিকাশকে বাঁচাতে তার স্ত্রী বিশাখা মণ্ডল ও তার দুই নাবালক সন্তানের কাতর আবেদন। এখন তারা গ্রামে বাড়ি বাড়ি গিয়ে বিকাশের চিকিৎসার জন্য টাকা সংগ্রহ করছেন। কিন্তু এই যৎসামান্য টাকায় বিকাশের কঠিন রোগের চিকিৎসা অসম্ভব। বিকাশকে সুস্থ করে তুলতে চাই সরকারি সাহায্যের।

বিকাশ মণ্ডল। বয়স ৪০। বিকাশ এলাকায় দিনমজুরের কাজ করতেন। গত ছয় মাস আগে কিডনি ও লিভারজনিত রোগে আক্রান্ত হয়ে শয্যাশায়ী দশা হয় বিকাশের। অনেক চিকিৎসার পর কিছুটা সুস্থ হয়ে ওঠেন। শারীরিক অসুস্থতার জন্যে কাজ করতে না পারায় দু'বেলা সন্তানদের মুখে অন্ন জোটাতে পারছিল না বিকাশ। শারীরিক অসুস্থতা থাকা সত্ত্বেও শেষমেশ মাস খানেক আগে শুধুমাত্র কাজের তাগিদে মুম্বইয়ে পাড়ি দেয় বিকাশ। কিন্তু মাসখানেক কাজ করার পরেই অসুস্থ হয়ে পড়েন। বর্তমানে মুম্বইয়ের একটি বেসরকারি হাসপাতালে গুরুতর অসুস্থ অবস্থায় চিকিৎসাধীন। বিকাশের লিভার ও কিডনি দুটি আংশিকভাবে অকেজো হয়ে পড়েছে বলে চিকিৎসকরা জানিয়েছেন। চিকিৎসার জন্য প্রয়োজন প্রচুর টাকা।

অসুস্থ পরিযায়ী শ্রমিকের স্ত্রী বিশাখা মণ্ডলের বক্তব্য, 'গ্রামে বাড়ি বাড়ি গিয়ে স্বামীর চিকিৎসার জন্যে টাকা সংগ্রহ করছি। কিন্তু চিকিৎসার জন্য অনেক টাকার প্রয়োজন। আমি আমার স্বামীকে বাঁচাতে চাই। স্বামীর চিকিৎসার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি। আমি চাই, কোনও বেসরকারি সংস্থা এগিয়ে এসে আমাদের মতন গরিবের পাশে দাঁড়াক, যাতে আমি আমার অসুস্থ স্বামীকে সুস্থ করে বাড়ি ফিরিয়ে নিয়ে আনতে পারি।'

## হাজার কণ্ঠে সংবিধান পাঠ

**বামনগোলা, ১০ মার্চ :** হাজার কণ্ঠে সংবিধান পাঠ অনুষ্ঠিত হল বামনগোলার জামতলা সেরিকালচার ময়দানে। আদিবাসী সংগঠন 'মাঝি পরগনা গাঁওতা' এর দু'দিন ব্যাপী ১৬ তম রাজ্য সম্মেলন উপলক্ষ্যে এই অনুষ্ঠান হয়। এদিন ছিল সম্মেলনের শেষ দিন। অনুষ্ঠিত হয় হাজার কণ্ঠে সংবিধান পাঠ। দলীয় পতাকা উত্তোলনের পর উদ্বোধনী সংগীত পরিবেশন হয়। তারপরই সংবিধান পাঠের মধ্যে দিয়ে প্রকাশ্য সমাবেশের মঞ্চে বক্তারা সংবিধানকে মান্যতা দেবার ওপর জোর দেন। এই অনুষ্ঠানের মধ্যে দিয়েই শেষ হয় সংগঠনের রাজ্য সম্মেলন। সম্মেলনে পুনরায় নতুন রাজ্য সভাপতি হয়েছেন মোহন মুর্মু। রাজ্য সম্পাদক হয়েছেন কৃষ্ণা হেমব্রম। নতুন করে রাজ্য কমিটি গঠিত হয়েছে ১৩ জনকে নিয়ে। নেতৃত্বরা জানিয়েছেন, অধিকার আদায়ে নতুন কর্মসূচি নির্ধারণ করে আন্দোলনের রূপরেখা তৈরি করবে এই কমিটি।

## গাছ বাঁচাতে ডেপুটেশন

**রায়গঞ্জ, ১০ মার্চ :** আবদুলঘাটা থেকে কর্ণজোড়া পর্যন্ত বাঁধ রোডের নির্মাণ কাজ শুরু হয়েছে। এতে বাঁধের ওপর থাকা বহু পরিণত গাছ কাটা পড়তে পারে, এই আশঙ্কা প্রকাশ করেছিল বিজ্ঞানমঞ্চ সংগঠন। সেই গাছ বাঁচানোর দাবিকে সামনে রেখে রায়গঞ্জ বন আধিকারিক ভূপেন বিশ্বকর্মার কাছে ডেপুটেশন দিলেন রায়গঞ্জ বিজ্ঞানমঞ্চের কর্মীরা। রায়গঞ্জ কেন্দ্রের সম্পাদক সূর্যনারায়ণ চক্রবর্তী বলেন, 'রাস্তা নির্মাণ ও সম্প্রসারণের উদ্দেশ্যে কিছু গাছকে আলাদা করে মার্কিং করা হয়েছে। আমাদের আশঙ্কা, এই গাছগুলিকে কেটে ফেলার একটা পরিকল্পনা প্রশাসনের হয়তো আছে। গাছ কাটার পরিকল্পনাকে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি।' এদিনের ডেপুটেশনে উপস্থিত ছিলেন অনিরুদ্ধ সিনহা, অপূর্ব মণ্ডল সহ প্রমুখ।

## উরসমেলা

**রসাখোয়া, ১০ মার্চ :** সোমবার রসাখোয়ায় পাঁচ পিরের উরস মেলা শুরু হল। দু'দিন ধরে চলবে এই মেলা। কমিটির সম্পাদক শেখ দিলহাস জানান, 'প্রায় দেড়শো বছর ধরে এখানে উরস হচ্ছে। সারারাত ব্যাপী কাওয়ালি হয়। বিভিন্ন রাজ্য থেকে শিল্পীরা আসেন।'

### ক্ষতির মুখে পড়া শতাধিক বোরোচাষির বিক্ষোভ

# জলের পাইপলাইনের ওপর নির্মাণকাজ

**রূপক সরকার**

**বালুরঘাট, ১০ মার্চ :** জল যাওয়ার পাইপ লাইনের ওপর নির্মাণ কাজ করার অভিযোগ উঠল জমির মালিকের বিরুদ্ধে। ফলে এক সপ্তাহ ধরে নদী সেচ প্রকল্পে জল পরিষেবা বন্ধ করে দেওয়া হয়েছে বালুরঘাট ব্লকের জলঘর গ্রাম পঞ্চায়েতের গঙ্গাসাগর এলাকায়। বোরো ধান থেকে বিভিন্ন শাকসবজি ক্ষতির মুখে পড়ার সম্ভাবনা থাকায় সোমবার দুপুরে গঙ্গাসাগরে বিক্ষোভ দেখান শতাধিক কৃষক।

এবিষয়ে বাড়ির কাজ করার অভিযোগ ওঠায় বিপিন প্রধান বলেন, 'কয়েকদিন আগে এনিয়ে আলোচনা হয়েছিল। জলের পাইপলাইন অন্য সাইট দিয়ে করে দেওয়া হবে। সেই মতো কাজ শুরু করা হয়েছিল। কিন্তু আজ এসে সেই কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। গ্রামবাসীদের সঙ্গে কথা বলেই এই সমস্যা মেটানোর চেষ্টা করব। এরপর সমস্যা না মিটলে আইনের দ্বারস্থ হব।'

রিভার লিফট ইরিগেশন অর্থাৎ আরএআইয়ের কানেকটিং সেন্টারের জায়গায় করা হচ্ছে নির্মাণ কাজ। যার ফলে আগামীদিনে নির্মাণ কাজ শেষ হলে সেখানে পাইপলাইনে কোনও সমস্যা হলে তা ঠিক করা মুশকিল। এদিকে জমির মালিক একরকম জোর করেই সেখানে নির্মাণ কাজ করছিলেন। এই সমস্যার কারণে গত প্রায় এক সপ্তাহ ধরে বন্ধ রয়েছে এলাকার আরএলআই মেশিন।

সোমবার দুপুরে গঙ্গাসাগরে আরএলআই মেশিন সংলগ্ন এলাকায় বিক্ষোভ দেখান শতাধিক কৃষক। খবর পেয়ে ঘটনাস্থলে যায় আরএলআই অফিসের আধিকারিকরা। কথা বলেন বিক্ষোভকারী কৃষকদের সঙ্গে। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন স্থানীয় পঞ্চায়েত সমিতির সদস্য মলয়কুমার মণ্ডল। পরে প্রশাসনিক হস্তক্ষেপে সেই নির্মাণ কাজ বন্ধ রাখা হয়। এখন প্রশাসন কি সিদ্ধান্ত নেয়, সেই অপেক্ষায় কৃষকরা।

স্থানীয় কৃষক পরিমল সরকার বলেন, 'জায়গার আসল মালিক সাধারণ মানুষের স্বার্থে ব্যবহার করতে দিয়েছিলেন। কিন্তু ওই জায়গা বিপিন প্রধান নামে একজন জেনে শুনেই কিনেছেন। এখন কৃষকরা জল না পেয়ে ব্যাপক সমস্যায় পড়েছেন।'



গ্রামবাসীর সঙ্গে কথা বলছেন পঞ্চায়েত সদস্য। - সংবাদচিত্র

চককাশি জল সরবরাহ কমিটির সভাপতি পরিতোষ মণ্ডলের কথায়, 'এই মেশিন থেকে ১৫০- ২০০ জন কৃষক চাষবাস করেন। বর্তমানে বোরো ধানের মরশুম চলছে। এছাড়াও অন্যান্য শাকসবজি লাগিয়েছেন কৃষকরা। এমন পরিস্থিতিতে এই সমস্যা দেখা দিয়েছে।' বালুরঘাট পঞ্চায়েত সমিতির সদস্য মলয়কুমার মণ্ডলের বক্তব্য, 'বিষয়টি জানতে পেরে আজ ঘটনাস্থলে আসি। কৃষক ও অভিযোগ ওঠা ব্যক্তির সঙ্গে এনিয়ে কথা বলি। এই সমস্যা না মিটলে এলাকার কয়েকশো কৃষক সমস্যায় পড়বে।' ঘটনাস্থলে উপস্থিত আরএলআই অফিসের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ওমশংকর মণ্ডল বলেন, 'এনিয়ে যা বলার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বলবেন।'

# তৃণমূলের জনসংযোগে ভূতনিতে রাস্তার দাবি

**মানিকচক, ১০ মার্চ :** আগে রাস্তা, পরে ভোট। সোমবার জনসংযোগ কর্মসূচিতে ভূতনির কার্তিকটোলা গ্রামে গিয়ে এমন কথাই শুনতে হল মালদা জেলা যুব তৃণমূলের সভাপতি বিশ্বজিৎ মণ্ডলকে। গ্রামবাসীরা আরও জানান, যে দল রাস্তা করে দেবে, সেই দলকেই তাঁরা ভোট দেবেন। গ্রামবাসীর এই দাবিকে ন্যায্য বলে মেনে নেন বিশ্বজিৎবাবু। ফোনেই তড়িঘড়ি কথা বলেন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন ও জেলা শাসকের সঙ্গে।

> বিভিন্ন রাজনৈতিক নেতাদের কাছে বারবার আবেদন জানিয়েছি। কিন্তু কোনও লাভ হয়নি। গত সপ্তাহে আমরা গ্রাম্যসভার বৈঠকে বসে ভোট বয়কটের সিদ্ধান্ত নিয়েছি।
>
> **আশুতোষ মণ্ডল, গ্রামবাসী**

ভূতনির দক্ষিণ চণ্ডীপুরের পশ্চিম নারায়ণপুর কার্তিকটোলার দীর্ঘদিনের সমস্যা রাস্তা নিয়ে। গ্রামে ঢোকার মূল রাস্তার দশা বেহাল। বর্ষার মরশুমে এই রাস্তার কারণে দুর্ভোগে পড়তে হয় গ্রামবাসীকে। এমনকি বর্ষাকালে রাস্তার অভাবে মানিকচকের সঙ্গে যোগাযোগ ব্যবস্থাও ছিন্ন হয়ে যায়। গ্রামে ঢোকার এই এক কিলোমিটার রাস্তার বেহাল দশা নিয়ে সরব হয়েছেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের দাবি, এই এক কিলোমিটার রাস্তা ঢালাই করে দিতে হবে।

বিধানসভা ভোটের আগে মানিকচক বিধানসভার বিভিন্ন এলাকায় জনসংযোগ কর্মসূচিতে নেমেছেন বিশ্বজিৎ মণ্ডল। বিভিন্ন এলাকায় গিয়ে তিনি সাধারণ মানুষের সঙ্গে কথা বলছেন। সোমবার তিনি গিয়েছিলেন কার্তিকটোলা গ্রামে। সেখানেই তাঁকে ভোট বয়কটের হুমকির মুখে পড়তে হয়।

গ্রামবাসী আশুতোষ মণ্ডলের কথায়, 'বিভিন্ন রাজনৈতিক নেতাদের কাছে বারবার আবেদন জানিয়েছি। কিন্তু কোনও লাভ হয়নি। গত সপ্তাহে আমরা গ্রাম্যসভার বৈঠকে বসে ভোট বয়কটের সিদ্ধান্ত নিয়েছি।'

মালদা জেলা যুব তৃণমূল সভাপতি বিশ্বজিৎ মণ্ডল সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন। তিনি বলেন, 'রাস্তার দাবি একেবারে ন্যায্য। তবে 'ভোট বয়কট' এর সুরাহা নয়। আমি মন্ত্রী সাবিনা ইয়াসমিনের সঙ্গে ফোন মারফত যোগাযোগ করেছি। জেলা শাসকের সঙ্গেও এই বিষয়ে কথা বলেছি। খুব শীঘ্রই রাস্তার কাজ শুরু হবে।'

### জলসংকটের করুণ ছবি দক্ষিণ দিনাজপুরের দুই গ্রামে

# পাঁচটি নলকূপের চারটিই অকেজো

**দিলীপকুমার তালুকদার**

**বুনিয়াদপুর, ১০ মার্চ :** আড়াইশো বাসিন্দার জন্য এলাকায় মার্ক টু টিউবওয়েল পাঁচটি। তার মধ্যে চারটি কাজ করে না। একটা নলকূপ যাও বা আছে, তা দিয়ে যে জল ওঠে সেটা মুখে দেওয়া যায় না। অনেকের বাড়িতে জনস্বাস্থ্য কারিগরির নলবাহিত জলের ব্যবস্থা থেকেও নেই। কারণ জল মেলে না। এলাকার বাসিন্দাদের সাঁকো পেরিয়ে জল আনতে যেতে হয় অন্যত্র। এমন করুণ ছবি বংশীহারীর মহাবাড়ি পঞ্চায়েতের শ্যামপুরে।

**জল যন্ত্রণা**

- ভাটা শ্যামপুর এবং শ্যামপুর কলোনি মিলে প্রায় আড়াইশো পরিবার বাস করে
- জলের জন্য সাঁকো পেরিয়ে যেতে হয় আদিবাসী জনপদের সামনে সদ্য বসানো একটি মার্ক টু টিউবওয়েলে
- আড়াইশো বাসিন্দার জন্য এলাকায় মার্ক টু টিউবওয়েলগুলির পাঁচটির মধ্যে চারটি কাজ করে না

ভাটা শ্যামপুর এবং শ্যামপুর কলোনি মিলে প্রায় আড়াইশো পরিবার বাস করে। জলের অভাব মেটাতে সাঁকো পেরিয়ে যেতে হয় আদিবাসী জনপদের সামনে সদ্য বসানো একটি মার্ক টু টিউবওয়েল এবং কলোনি শ্যামপুরের একটি মার্ক টু টিউবওয়েল।

ভাটা শ্যামপুরের গৃহবধূ কামনা সরকার বলেন, 'প্রায় আধ কিলোমিটার পেরিয়ে বাঁশের সাঁকো পেরিয়ে আদিবাসীপাড়ার মার্ক টু টিউবওয়েল থেকে জল সংগ্রহ করি।'

শ্যামপুরের বিজেপি পঞ্চায়েত সদস্য রূপা চক্রবর্তী বলেন, 'একাধিকবার মহাবাড়ি পঞ্চায়েতের প্রধানের কাছে দরবার করেও শুধুমাত্র একটি মার্ক টু টিউবওয়েল পাওয়া গিয়েছে। শুনেছি, টাকাও বিডিও অফিসে চলে এসেছে। কিন্তু এখনও কাজ শুরু হয়নি।'

প্রধান নুরে আক্তার বানু বলেন, 'চাষের জন্য ভূগর্ভস্থ জলের ব্যাপক উত্তোলনের জন্য নলকূপ থেকে জল উঠছে না। নলবাহিত জলের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কর্তার সঙ্গে কথা বলব।' বংশীহারীর বিডিও পূজা মিনা বলেন, 'শ্যামপুরের জন্য দুইটি সোলার মার্শালের টেন্ডার হয়ে গিয়েছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে।'

# বালতি-কলসি নিয়ে অবরোধে গ্রামবাসী



বাঁশ ফেলে রাস্তা অবরোধ। সোমবার তপনে। - সংবাদচিত্র

**বিপ্লব হালদার**

**তপন, ১০ মার্চ :** গ্রামজুড়ে পানীয় জলের হাহাকার দেখা দিয়েছে। এক বালতি জলের জন্য ছুটতে হচ্ছে প্রায় দুই কিলোমিটার। সমস্যা সমাধানের দাবিতে সোমবার রাজ্য সড়ক অবরোধ করে ড্রাম,বালতি,কলসি নিয়ে বিক্ষোভ দেখালেন গ্রামবাসীরা। অবরোধ চলে প্রায় দুই ঘণ্টা। ব্লক ও পুলিশ প্রশাসনের আশ্বাসে পরিস্থিতি স্বাভাবিক হয়।

তপন ব্লকের মালঞ্চা পঞ্চায়েতের বালাপুর অফিসপাড়ায় প্রায় ৫০ থেকে ৬০ টি পরিবারের বসবাস। গ্রামে রয়েছে দুটি মার্ক টু টিউবওয়েল। দুটিই বিকল। গ্রামে জলের হাহাকার দেখা দিয়েছে। এদিন বেলা ১১টায় গ্রামের বাসিন্দারা একত্রিত হয়ে বালাপুর রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। অবরোধের জেরে আটকে পড়েন তপন, বালুরঘাট, ভিকাহার,গঙ্গারামপুর সহ দূরদূরান্তের যাত্রীরা। বিক্ষোভ-অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে আসেন পঞ্চায়েত প্রধান রুপালি মণ্ডল, তপন ব্লক আধিকারিক ও তপন থানার পুলিশ।

এই পরিস্থিতিতে রীতিমতো বিরক্ত নান্টু মণ্ডল। তিনি বলেন, জলের সমস্যার কথা পঞ্চায়েতে বহুদিন ধরে বলে আসছি। দিনের পর দিন খালি আশ্বাসই জুটেছে। কাজ হয়নি। বাধ্য হয়ে আন্দোলনে নেমেছি। আমরা চাই বিদ্যুৎচালিত পাম্প মেশিন বসিয়ে জলের সমস্যা দূর করা হোক।

পঞ্চায়েত প্রধান রুপালি মণ্ডল বলেন, 'কয়েক দিন আগে অফিসপাড়ার নলকূপগুলি মেরামত করা হয়েছে। কিন্তু জলের স্তর নীচে নেমে যাওয়ায় জল উঠছে না। পাম্প মেশিনের জন্য টেন্ডার করা হয়েছে। কয়েকদিনের মধ্যে কাজ শুরু হবে।'



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

ভাবুক।। জলপাইগুড়িতে ছবিটি তুলেছেন স্বর্ণপ্রসূন মজুমদার।

## রক্তাল্পতা মুক্তির উদ্যোগ

**পুরাতন মালদা, ১০ মার্চ :** অ্যানিমিয়া মুক্ত বাংলা গড়তে উদ্যোগ গ্রহণ করেছে মালদা জেলা স্বাস্থ্য দপ্তর। ওই উদ্যোগকে সফল করতে পুরাতন মালদা ব্লককে পাইলট ব্লক হিসেবে চিহ্নিত করা হয়েছে। সোমবার ব্লকের তিনটি স্কুলে অ্যানিমিয়া সংক্রান্ত সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন পুরাতন মালদার বিডিও সেঁজুতিপাল মাইতি, ব্লক স্বাস্থ্য আধিকারিক জয়দীপ মজুমদার সহ প্রমুখ। তাঁদের উপস্থিতিতেই নিত্যানন্দপুর জুনিয়ার হাইস্কুল, নিত্যানন্দপুর প্রাইমারি স্কুল ও বলরামপুর বরকল হাইস্কুলের মোট ২২৩ জন পড়ুয়ার রক্তের হিমোগ্লোবিন পরীক্ষা করা হয়।

পরীক্ষায় যে সমস্ত পড়ুয়াদের রক্তে হিমোগ্লোবিনের মাত্রা কম ধরা পড়েছে, তাদের অভিভাবকদের এই বিষয়ে সচেতন করা হয়। রক্তে হিমোগ্লোবিনের মাত্রা সঠিক রাখতে কী কী করণীয়, সে বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ দেন উপস্থিত স্বাস্থ্য আধিকারিকরা।


## রক্তদান শিবির

**বালুরঘাট, ১০ মার্চ :** বৃহস্পতিবার বালুরঘাট জেলা হাসপাতালে ব্লাড সেন্টারে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে ১৩ জন এই শিবিরে রক্তদান করেন। যার মধ্যে ৫ জনই প্রথমবারের জন্য রক্ত দিলেন। সমাজকর্মী সুশান্ত কুণ্ডু জানান,'এই হাসপাতালেই একমাত্র থ্যালাসিমিয়া ইউনিট রয়েছে। যার ফলে রক্ত সংকট তৈরি হচ্ছে। আজ শিবিরের ফলে অনেক রোগী উপকৃত হবে।'

# আইহো বাসস্ট্যান্ডে বেহাল শৌচালয়

**হবিবপুর, ১০ মার্চ :** দীর্ঘদিন ধরে হবিবপুর ব্লকের আইহো বাসস্ট্যান্ডের কমিউনিটি শৌচালয় সংস্কার বা রক্ষণাবেক্ষণ করার কোনও উদ্যোগ নিচ্ছে না স্থানীয় প্রশাসন। এলাকার বাসিন্দা থেকে যাত্রীরা ক্ষোভ প্রকাশ করেছেন। কিন্তু সমস্যার সুরাহা হয়নি।

শৌচালয় থাকলেও তা ব্যবহারের অযোগ্য। নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন না হওয়ায় কেউ ব্যবহার করতে পারছেন না। খোলা অবস্থায় দীর্ঘদিন পড়ে থাকায় শৌচালয়ের ভেতরে জমে রয়েছে আবর্জনা। বাসস্ট্যান্ড চত্বরের একমাত্র শৌচাগারের এমন অবস্থা দীর্ঘদিনের। সমস্যায় পড়তে হচ্ছে নিত্যযাত্রী থেকে শুরু করে মানুষকে। বাস বা অন্য যানবাহন ধরতে হঠাৎ শৌচালয়ে যাওয়ার প্রয়োজন পড়লে চরম সমস্যায় পড়তে হচ্ছে। বিশেষ করে মহিলারা বেশি সমস্যায় পড়ছেন।



আবর্জনায় ভর্তি শৌচাগার। সোমবার হবিবপুরে। - সংবাদচিত্র

স্থানীয় বাসিন্দা অজিত মণ্ডল জানান, 'দীর্ঘদিন ধরে শৌচালয়টি সংস্কার হচ্ছে না। মাঝেমধ্যে সমস্যায় পড়তে হচ্ছে। প্রতিদিন মানুষ এই বাসস্ট্যান্ড থেকে গাড়ি ধরেন। অনেক সময়ই শৌচালয়ে যাওয়ার প্রয়োজন পড়ছে। তবে শৌচালয় থাকলেও তা ব্যবহারের অনুপযোগী। বিষয়টি আমরা প্রশাসনকে জানিয়েছি।

হবিবপুর ব্লকের আইহো বাসস্ট্যান্ড একটি গুরুত্বপূর্ণ জনবহুল এলাকা। মালদা নালাগোলা রাজ্য সড়কের ওপরে রয়েছে এই গুরুত্বপূর্ণ বাসস্ট্যান্ডটি। নিয়মিত এলাকার হাজার হাজার মানুষের যাতায়াত এই বাসস্ট্যান্ড দিয়ে। প্রয়োজনীয়তা থাকায় বাসস্ট্যান্ডের পাশেই তৈরি হয়েছিল সরকারি উদ্যোগে একটি কমিউনিটি শৌচালয়। তবে দীর্ঘদিন তার কোনও সংস্কার হয়নি। এমনকি রক্ষণাবেক্ষণের দায়িত্বে কেউ নেই। এই শৌচালয়টির দেখভালের দায়িত্বে রয়েছেন স্থানীয় আইহো পঞ্চায়েত কর্তৃপক্ষ। কিন্তু তারাও এই শৌচালয়ে কোনও কর্মী না রাখায় এটি ক্রমশ বেহাল হয়ে পড়েছে। শৌচালয়ে নেই কোনও জলের সুব্যবস্থা। ফলে সাধারণ মানুষ এটির ব্যবহার করতে পারছেন না। ধীরে ধীরে ব্যবহার না করাই একেবারে অকেজো হয়ে পড়েছে। আবর্জনায় ভরে রয়েছে শৌচালয়টি। এবিষয়ে আইহো পঞ্চায়েতের প্রধান বাসনা মণ্ডলের বক্তব্য, 'শৌচালয়টি দেখাশোনার কোনও লোক নেই। জেলা পরিষদ থেকে তৈরি করা হয়েছিল এই কমিউনিটি শৌচালয়টি। তবে আমরা আগামীতে নতুন করে বাসস্ট্যান্ড চত্বরে আরও একটি কমিউনিটি শৌচালয় তৈরির উদ্যোগ নিয়েছি।'

পঞ্চায়েত সূত্রে জানা গিয়েছে, বাসস্ট্যান্ডে আরও একটি নতুন শৌচালয় তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে সাংসদ ফান্ড থেকে টাকা চেয়ে আবেদন করা হয়েছে। এলাকার সাংসদ বাসস্ট্যান্ড চত্বরে নতুন শৌচালয় তৈরির উদ্যোগ নিয়েছেন। দ্রুত নতুন করে আইহো বাসস্ট্যান্ডে শৌচালয় তৈরি হবে বলে জানান স্থানীয় পঞ্চায়েত প্রধান বাসনা মণ্ডল। শৌচালয়টি তৈরি হলে দ্রুত সমস্যার সমাধান হবে এলাকার নিত্যযাত্রী থেকে সাধারণ মানুষের।

# দেউচা-পাঁচামির লড়াইয়ে সমর্থন হেমতাবাদে

**রায়গঞ্জ, ১০ মার্চ :** জল, জমি, জঙ্গল রক্ষার লড়াইয়ে আন্দোলন চলছে দেউচা পাঁচামিতে। এবার সেই আন্দোলনের পাশে দাঁড়াল উত্তর দিনাজপুর জেলার হেমতাবাদ ব্লকের দরিমানপুর ও হাঠজুগুত গ্রামের আদিবাসী বাসিন্দারা। মূলত রাজ্যের বিভিন্ন স্থানে আদিবাসীদের উচ্ছেদ ও পরিবেশ ধ্বংস করে শিল্প স্থাপনের বিরুদ্ধে এই প্রতিবাদ সভা বলে জানিয়েছেন স্থানীয় আদিবাসী নেতা হাবাই টুডু, হপনা মুর্মু, লক্ষ্মণ হেমরম ও ডলি হেমরমরা।

স্থানীয় অধ্যাপক বাপি সোরেন বলেন, 'রাজ্যের বিভিন্ন জায়গায় আদিবাসীদের উচ্ছেদ করা হচ্ছে, অবৈজ্ঞানিকভাবে খনি ও জমি কেড়ে নেওয়া হচ্ছে। তাই এই জমায়েতে সাংবিধানিক অধিকার নিয়ে আলোচনা করা হয় এবং জল, জমি, জঙ্গলের পূর্ণ অধিকার পাওয়ার জন্য যেন সবাই সোচ্চার হয়।'

হপনা মুর্মু বলেন, 'খোলামুখ খনির জন্য ওখানে ২১ হাজারের বেশি আদিবাসীদের উচ্ছেদ করা হতে পারে বলে শুনছি। আমরা সোমবার সকলকে একযোগে সরকারের বিরুদ্ধে তাঁদের অধিকার ও পরিবেশ রক্ষার লড়াইয়ে পাশে থাকার বার্তা দিলাম।'

## স্মারকলিপি

**রায়গঞ্জ, ১০ মার্চ :** প্রতি মাসে পঞ্চায়েত কর্মীদের মাসিক বেতন থেকে চিকিৎসা বাবদ অর্থ কেটে নেওয়া হলেও চিকিৎসা ব্যয় সংক্রান্ত কোনও বিল সরকার প্রদান করে না। এই ইস্যুতে সোমবার ট্রেজারি অফিসার সৌম্যব্রত তলাপাত্রের কাছে স্মারকলিপি প্রদান করল কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ সংগঠনের রায়গঞ্জ মহকুমা কমিটি।

## দুর্ঘটনায় আহত বাইক আরোহী

**বুনিয়াদপুর, ১০ মার্চ :** চ্যাম্পিয়ন ট্রফির ফাইনাল ম্যাচ চলাকালীন বুনিয়াদপুরে টোটোর সঙ্গে বাইকের ধাক্কায় গুরুতর আহত হলেন এক বাইক আরোহী। রবিবার রাত ন'টা নাগাদ ঘটনাটি ঘটেছে বুনিয়াদপুর পিরতলা এলাকার ৫১২ নম্বর জাতীয় সড়কে।

আহত তরুণের নাম বিশ্বজিৎ মণ্ডল(২৭)। গঙ্গারামপুরের নন্দনপুর এলাকায় তাঁর বাড়ি। রবিবার বুনিয়াদপুর-পিরতলা ৫১২ নম্বর জাতীয় সড়কের ধারে জায়েন্ট স্কিনে চ্যাম্পিয়ন ট্রফির ফাইনাল ম্যাচ দেখানোর ব্যবস্থা করা হয়েছিল। জাতীয় সড়কের ধারে রাখা ছিল বেশকিছু মোটর সাইকেল। সেইসময় একটি টোটো বুনিয়াদপুর অভিমুখে আসতেই হঠাৎ করেই একটি বাইকে ধাক্কা মারে। বাইকের নীচে চাপা পড়েন আরোহী। ছিটকে পড়েন বাইকের পেছনে থাকা এক তরুণী। স্থানীয়রা তাঁকে রশিদপুর গ্রামীণ হাসপাতালে ভর্তির ব্যবস্থা করেন।

স্থানীয়দের দাবি, খেলা চলাকালীন জাতীয় সড়কে বাইক রাখায় রাস্তা সংকীর্ণ হয়ে যায়। অপরদিকে গুরুত্বপূর্ণ স্থানে এত লোকসমাগমে পুলিশ ও সিভিকের দেখা ছিল না। ফলে দুর্ঘটনার জেরে বেশ কিছুক্ষণের জন্য যানজটের সৃষ্টি হয়। এলাকাবাসীর চেষ্টায় পরিস্থিতি স্বাভাবিক হয়।

## বধূ নির্যাতনে হেপাজত

**বৈষ্ণবনগর, ১০ মার্চ :** বধূ নির্যাতনের অভিযোগে বৈষ্ণবনগর থানার পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। ধৃতের নাম নীহারুল ইসলাম। খোসালপাড়া এলাকায় তার বাড়ি।

২০২৪ সালের ২৯ অগাস্ট খালেদা বিবি নামে এক গৃহবধূ বৈষ্ণবনগর থানায় তাঁর স্বামীর বিরুদ্ধে বধূ নির্যাতনের লিখিত অভিযোগ দায়ের করেন। লিখিত অভিযোগের ভিত্তিতে বৈষ্ণবনগর থানার পুলিশ মামলা রুজু করে তদন্ত করে। কিন্তু দীর্ঘদিন ধরে আত্মগোপন করে থাকায় পুলিশ তাকে ধরতে পারেনি। বুধবার গোপন সুত্রে খবর পেয়ে খোসালপাড়াতে অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয় ওই ব্যক্তিকে।

## নাবালিকা সহ নিখোঁজ বধূ

**বালুরঘাট, ১০ মার্চ :** টিউশন পড়তে বাড়ি থেকে বেরিয়ে বালুরঘাট শহরের এক নাবালিকা নিখোঁজ হয়ে গিয়েছে। ৭ মার্চ ১৫ বছরের ওই কিশোরী বাড়ি থেকে বের হয়ে আর ফেরেনি। পরিচিত সব জায়গায় সন্ধান চালিয়েও কোনও হদিস মেলেনি ছাত্রীটির। নিখোঁজ নাবালিকার সন্ধান পেতে অবশেষে বালুরঘাট থানায় নিখোঁজ ডায়ারি করেছেন অভিভাবকরা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

এদিকে টিউশন পড়াতে বাড়ি থেকে বের হয়ে এক গৃহবধূ 'নিখোঁজ' হয়ে গিয়েছেন। রবিবার থেকে বালুরঘাটের চিঙ্গিশপুর গ্রাম পঞ্চায়েতের ওই বধূ নিখোঁজ হয়ে যান। সম্ভাব্য সমস্ত স্থানে খুঁজেও তাঁকে না পেয়ে বালুরঘাট থানার দ্বারস্থ হয়েছেন তাঁর স্বামী।

## প্রশিক্ষণ শিবির

**বালুরঘাট, ১০ মার্চ :** সোমবার সরকারি চাকরিপ্রার্থীদের বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা করল দক্ষিণ দিনাজপুর জেলা প্রশাসন। জেলা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ দপ্তরের উদ্যোগে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। বালুরঘাটে অবস্থিত জেলা প্রশাসনিক ভবন সংলগ্ন অফিসে এই শিবির চলেছে। এর ফলে চাকরিপ্রার্থীরা ভীষণ উপকৃত হবেন বলে জানিয়েছেন।



*বৈদিক শান্তিযজ্ঞে আহুতি ভক্তদের। সোমবার গাজোলের ঘাকশোলে পঙ্কজ ঘোষের ক্যামেরায়।*

### কুমারগঞ্জে আতঙ্কিত স্কুলের ছাত্রছাত্রীরা

# মৌমাছির হুলে জখম ৬ পড়ুয়া

**সাজাহান আলি**

**কুমারগঞ্জ, ১০ মার্চ :** মৌমাছির কামড়ে জখম হয়েছে ছয়জন পড়ুয়া। সোমবার এই ঘটনাকে কেন্দ্র করে আতঙ্ক ছড়িয়ে পড়ে কুমারগঞ্জের গোপালগঞ্জ রঘুনাথ হাইস্কুলে। স্কুলের শিক্ষকরা আহত ছাত্রছাত্রীদের উদ্ধার করে কুমারগঞ্জ গ্রামীণ হাসপাতালে ভর্তি করে। ঘটনার পর স্কুল ছুটি দিয়ে দেওয়া হয়।

**ঘটনাক্রম**

- প্রার্থনা শেষে কোনও এক ছাত্র মৌচাকে ঢিল মারে
- কিছুক্ষণের মধ্যে ঝাঁকে ঝাঁকে মৌমাছি স্কুল ভবনের দোতলায় ছাত্রীদের আক্রমণ করে
- অন্তত ছয়জন ছাত্রীকে একাধিক জায়গায় মৌমাছি হুল ফোটায়
- এছাড়াও ষষ্ঠ শ্রেণির কয়েকজন পড়ুয়ার পোশাকের মধ্যেও মৌমাছি ঢুকে পড়লে ভয়ে তারা চিৎকার শুরু করে

ঘটনার সূত্রপাত প্রার্থনার পর। প্রার্থনা শেষে কোনও এক ছাত্র মৌচাকে ঢিল মারে। আর তাতেই বাধে বিপত্তি। কিছুক্ষণের মধ্যে চাক থেকে মৌমাছির ঝাঁক বের হয়ে স্কুলে ছড়িয়ে পড়ে। মৌচাক থেকে উড়ে গিয়ে দোতলার উপরে বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে থাকা ছাত্রীদের আক্রমণ করে। আচমকা মৌমাছির আক্রমণে আতঙ্ক ছড়িয়ে পড়ে ছাত্রছাত্রীদের মধ্যে। অন্তত ছয়জন ছাত্রীকে মৌমাছি একাধিক জায়গায় কামড় দেয়। ব্যথায় তারা কান্নাকাটি শুরু করে। এছাড়াও ষষ্ঠ শ্রেণির কয়েকজন পড়ুয়ার পোশাকের মধ্যেও মৌমাছি ঢুকে পড়লে তারাও ভয় পেয়ে চিৎকার শুরু করে।

ঘটনায় হতচকিত শিক্ষক-শিক্ষিকারা পঠনপাঠন বাদ দিয়ে কিছুক্ষণের জন্য ছাত্রীদের উদ্ধার করে অফিস ঘরে নিয়ে আসেন। মৌমাছির আক্রমণে আহত ছাত্রীদের শোচনীয় অবস্থা দেখে প্রধান শিক্ষক ইন্দ্রমোহন পাল স্কুলের শিক্ষকদের দুটি গাড়িতে করে কুমারগঞ্জ গ্রামীণ হাসপাতালে পাঠান। সেখানে দীর্ঘসময় ধরে চিকিৎসা পরিষেবা নেওয়ার পর দুপুর একটা নাগাদ ছাত্রীরা পুনরায় বিদ্যালয়ে ফিরে আসে। পরে অভিভাবকদের খবর দিয়ে তাদের প্রত্যেককে বাড়ি পাঠানোর ব্যবস্থা করা হয়।

গোপালগঞ্জ রঘুনাথ উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক ইন্দ্রমোহন পাল বলেন, 'আপাতত আহত ছাত্রীদের অবস্থা অনেকটা ভালো। আশা করি, তারা দ্রুত সুস্থ হয়ে উঠবে। লোকজনকে ডেকে স্কুলে ক্যাম্পাসের মধ্যে দুটি বিরাটাকার মৌমাছির চাককে কেটে ফেলা হবে। পরে যাতে মৌমাছিরা নতুন করে আর বাসা বাঁধতে না পারে, তার জন্য নজরদারি চালানো হবে।'

# বিয়ে করে প্রেমিকার বাবার রোষানলে

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ১০ মার্চ :** প্রেম করে পালিয়ে বিয়ে করে বিপাকে নবদম্পতি। প্রাণ বাঁচাতে এদিন রায়গঞ্জ জেলা আদালতের আইনজীবীর দ্বারস্থ হন নবদম্পতি। পাশাপাশি আদালত ক্যাম্পাস থেকে দক্ষিণ দিনাজপুর জেলার পুলিশ সুপার ও বংশীহারী থানার আইসির কাছে লিখিত অভিযোগ ই-মেইল মারফত পাঠান রায়গঞ্জ জেলা আদালতের বিশিষ্ট আইনজীবী পলাশচন্দ্র দাস। রীতিমতো আতঙ্কিত নবদম্পতি রায়গঞ্জে আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়েছে।

পুলিশ ও আদালত সূত্রে জানা গিয়েছে, দক্ষিণ দিনাজপুর জেলার বংশীহারী থানার বুনিয়াদপুরের বাসিন্দা দিয়া সরকার (১৯) বুনিয়াদপুর কলেজের প্রথম বর্ষের ছাত্রী। তাঁর সঙ্গে দক্ষিণ দিনাজপুরের তপন থানার খড়দহ গ্রামের বাসিন্দা তড়িৎ প্রামাণিকের গত শুক্রবার রেজিস্ট্রি ম্যারেজ করার পাশাপাশি বাড়ি থেকে পালিয়ে বিয়ে করে। মেয়ে বাড়ি থেকে পালিয়ে বিয়ে করায় বংশীহারী থানার দ্বারস্থ হন নববধূর বাবা। এখানেই শেষ নয়, ছেলের বাড়িতে একদল দুষ্কৃতী নিয়ে গিয়ে ছেলের বাবা-মাকে হুমকি ও গতকাল দুপুরে কালিয়াগঞ্জে ছেলের দিদির বাড়িতে একদল দুষ্কৃতী নিয়ে এসে রীতিমতো তাণ্ডব চালায়। এরপরেই সুবিচারের আশায় রায়গঞ্জ জেলা আদালতের দ্বারস্থ হওয়ার পাশাপাশি আইনজীবীর সঙ্গেও কথা বলেন।

নববধূ দিয়া সরকার বলেন, 'আমি যাকে প্রেম করে বিয়ে করেছি সেই ছেলের সঙ্গেই সংসার করতে দেবে না বাবা। আমার শ্বশুরবাড়ি সহ আত্মীয়দের বাড়িতে একদল দুষ্কৃতী নিয়ে গিয়ে হুমকি দিচ্ছে। আমি সাবালক, আমি যাকে ভালোবেসেছি তাকে বিয়ে করেছি। আমার স্বামীর প্রাণ সংশয় ও মানসিক চাপ সৃষ্টি করায় বাবার বিরুদ্ধে বংশীহারী থানায় ও দক্ষিণ দিনাজপুর জেলার এসপির কাছে ই-মেইল মারফত এদিন লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।'

**আদালতের দ্বারস্থ নবদম্পতি**

রায়গঞ্জ আদালতের আইনজীবী পলাশচন্দ্র দাসের কথায়, 'দু'দিন আগে ওরা দুজন বিয়ে করেছে। রেজিস্ট্রি ম্যারেজও করেছে। এই বিয়ে মেনে নিতে না পারায় মেয়ের বাবা ছেলের বাড়িতে ও গতকাল কালিয়াগঞ্জে ছেলের দিদির বাড়িতে হামলা চালায়। সোমবার বিকেলে মেয়ের বাবা সহ পরিবারের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন দিয়া সরকার। এছাড়া এই বিষয় নিয়ে দক্ষিণ দিনাজপুরের এসপি ও বংশীহারী থানার আইসিকে ফোন মারফত বিষয়টি জানানো হয়েছে। এই নবদম্পতির কোনও ঘটনা ঘটলে তার দায় থাকবে মেয়ের পরিবারের।'

## পতিরামে নতুন মার্শালি বসানো শুরু

**পতিরাম, ১০ মার্চ :** পতিরাম ফায়ার স্ট্যান্ডবাই স্টেশনে অগ্নিনির্বাপণের কার্যকারিতা আরও বাড়াতে নতুন মার্শালি বসানোর কাজ শুরু হয়েছে। পতিরাম গ্রাম পঞ্চায়েতের সহযোগিতায় এই উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে দ্রুত জল ভরে অগ্নিনির্বাপণের সময় জল সংকট না হয়।

দেড় মাস আগেই পতিরামে এই ফায়ার স্ট্যান্ডবাই স্টেশনটি উদ্বোধন হয়েছিল। স্থানীয় ব্যবসায়ী মিন্টু সাহা বিনা শর্তে তাঁর জমি ব্যবহার করতে দিয়েছিলেন। যার ফলে এই স্টেশন চালু করা সম্ভব হয়েছে। সোমবার সেখানেই নতুন মার্শালি স্থাপনের কাজ শুরু হল।

স্থানীয় প্রশাসনের মতে, নতুন এই ব্যবস্থার ফলে অগ্নিকাণ্ডের সময় আরও দ্রুত জল ভরার সুযোগ তৈরি হবে, যা আগুন নেভাতে কার্যকর ভূমিকা নেবে। দ্রুততার সঙ্গে কাজ সম্পন্ন করে ফায়ার স্টেশনের কার্যক্ষমতা আরও বাড়ানো হবে বলে জানানো হয়েছে।

## বাড়ি থেকে ধৃত তরুণ

**কালিয়াগঞ্জ, ১০ মার্চ :** রাঁধুনিপাড়ায় মোটরবাইক চালক প্রসন্ন মণ্ডলের (২১) মৃত্যুর ঘটনায় কালিয়াগঞ্জ থানার পুলিশ আরও একজনকে গ্রেপ্তার করল। ধৃতের নাম দীপঙ্কর সরকার, বাড়ি রাঁধুনিপাড়ায়। রবিবার রাতে নিজের বাড়ি থেকে পুলিশ তাকে গ্রেপ্তার করে। সোমবার ধৃতকে রায়গঞ্জ জেলা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

# ফেসবুক লাইভ ঘিরে সংঘর্ষ

**মোথাবাড়ি, ১০ মার্চ :** পুলিশের গাড়ির নথি ঠিক না থাকার অভিযোগ তুলে সোশ্যাল মিডিয়ায় 'লাইভ' করছিলেন এক তরুণ। যাকে কেন্দ্র করে পুলিশ ও স্থানীয়দের মধ্যে ব্যাপক সংঘর্ষ বাধল। জনতার হাতে কয়েক জন সিভিক সহ এক পুলিশ অফিসার আক্রান্ত হয়েছেন। গোটা ঘটনায় চরম উত্তেজনা ছড়িয়েছে মোথাবাড়ি বিধানসভা এলাকাজুড়ে।

স্থানীয় ফাহাদ আলি নামে এক ব্যক্তি সোমবার সকালে মোথাবাড়ি গীতা মোড়ে পুলিশের একটি গাড়ি দেখিয়ে ফেসবুক লাইভ করতে থাকে। ওই তরুণ লাইভে জানান, 'পুলিশ সাধারণ মানুষের কাছে প্রতিদিন তোলা আদায় করলেও পুলিশের সেই গাড়িটির ট্যাক্স ফেল, ইন্সুরেন্স ও ধোয়া কাগজ নেই।'

ঘটনাস্থলে কর্তব্যরত সিভিকরা ফাহাদকে লাইভ করা বন্ধ করতে বলেন। এরপরেও ফাহাদ লাইভ চালিয়ে যেতে থাকলে সিভিকরা বাধা দেন। তাতে সিভিকদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষ বেধে যায়। সিভিকদের মারধর করা হয়। ওদের বাঁচাতে গিয়ে অফিসার রেজাউল আক্রান্ত হন। স্থানীয়রা দীর্ঘক্ষণ পথ অবরোধ করে রাখে। ঘটনায় পুলিশ ফাহাদ সহ স্থানীয় তিন চারজনকে জিজ্ঞাসাবাদে আটক করেছে।

অতিরিক্ত পুলিশ সুপার সম্ভব জৈন জানান, 'কয়েকজন দুষ্কৃতীদের হাতে পুলিশ ও সিভিক আক্রান্ত হয়েছে। ওরা পুলিশের নাকা চেকিং করতে বাধা দিয়ে ফেসবুকে মিথ্যা অভিযোগ করছিল। গোটা ঘটনার তদন্ত চলছে।'

# বিট্টু খুনে গ্রেপ্তার প্রাক্তন তৃণমূল নেতা

**বিশ্বজিৎ সরকার**

**হেমতাবাদ, ১০ মার্চ :** বাঙালবাড়ির বিট্টু ক্ষেত্রীকে নৃশংসভাবে খুনের ঘটনায় পুলিশ সোমবার গ্রেপ্তার করল হেমতাবাদের যুব তৃণমূলের প্রাক্তন সভাপতি জাহিদুর রহমান ওরফে বাপিকে। ঘটনার ৪৮ ঘণ্টার মধ্যেই পুলিশ তাকে গ্রেপ্তার করল। এই ঘটনার তদন্তে নেমে পুলিশ প্রথমে জাহিদুরকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। বয়ানে অসংগতি মেলায় এবার তাকে গ্রেপ্তার করা হল। পুলিশের অনুমান, সুদের ব্যবসা নিয়ে বিরোধের জেরেই বিট্টুকে খুন করা হয়েছে।

এদিকে জাহিদুর রহমান আদালত চত্বরে বলেন, 'বিট্টু রাত আটটার সময় আমার কাছে গিয়েছিল। তারপর কী হয়েছে জানা নেই। আমি খুন করিনি।' একই দাবি জাহিদুরের স্ত্রী দোলনা খাতুনের।

এদিন বিট্টু ক্ষেত্রীর স্ত্রী অঙ্কিতা দেবকে গোপন জবানবন্দির জন্য রায়গঞ্জ জেলা আদালতের ম্যাজিস্ট্রেটের কাছে নিয়ে আসা হয়। অঙ্কিতা বলেন, 'পুলিশের প্রতি আমার আস্থা রয়েছে। আমার স্বামীকে যারা খুন করেছে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।'

> পুলিশের প্রতি আমার আস্থা রয়েছে। আমার স্বামীকে যারা খুন করেছে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।
>
> **অঙ্কিতা দেব**
> বিট্টু ক্ষেত্রীর স্ত্রী

সরকারি আইনজীবী নীলাদ্রি সরকার বলেন, 'খুন করে দেহ লোপাটের চেষ্টা সহ একাধিক জামিন অযোগ্য ধারায় পুলিশ জাহিদুরের বিরুদ্ধে মামলা রুজু করেছে। তদন্তের স্বার্থে বিচারক পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন।'

পুলিশ সুপার মহম্মদ সানা আক্তার বলেন, 'এই ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্ত চলছে।'

জেলা পুলিশের এক গোয়েন্দা কর্তা বলেন, এই খুনের ঘটনায় বাপি সহ নয়জন জড়িত। জড়িত একাধিক প্রভাবশালী। কেঁচো খুঁড়তে কেউটে বেরোবে। শুধু সময়ের অপেক্ষা।

# স্কুল থেকে উধাও খুদের খোঁজ মিলল শৌচালয়ে

### বন্ধ সিসিটিভি ক্যামেরা, কাঠগড়ায় স্কুল কর্তৃপক্ষ

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ১০ মার্চ :** স্কুল চলাকালীন রহস্যজনকভাবে উধাও হয়ে যায় এক খুদে। প্রায় ঘণ্টাখানেক বাদে স্কুলের শৌচালয়ের ভিতর থেকে তাকে উদ্ধার করা হয়। ঘটনাটি ঘটেছে শনিবার শহরের বাণীমন্দির প্রাথমিকে। সোমবার খুদে পড়ুয়ার অভিভাবক থানায় অভিযোগ দায়ের করেছেন। অভিভাবকরা স্কুলের নিরাপত্তা নিয়ে সরব হয়েছেন।

স্কুলের শৌচাগার থেকে উদ্ধার করা হয় দ্বিতীয় শ্রেণির জিষ্ণু বিশ্বাসকে। সে রীতিমতো ভয়ে কাঠ। ঘটনার দিন দুপুর সোয়া একটা পর্যন্ত সে ক্লাসে ছিল। মিড-ডে মিলও খায়। ছুটির পর তার আর কোনও খোঁজ পাওয়া যাচ্ছিল না। ওদিকে বাবা তাকে নিতে এসেছে। ছুটির পর দিদিমণিরা দেখেন ক্লাসরুমে ওর ব্যাগ পড়ে রয়েছে। অথচ ও নেই। স্কুলে শুরু হয় হইচই।

> শনিবার স্কুল ছুটির পর জিষ্ণুকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। সেদিন স্কুলের সিসিটিভি ক্যামেরা বন্ধ থাকায় ও কোনওভাবে বাইরে গিয়েছিল কি না, বুঝতে পারছিলাম না। প্রায় দেড় ঘণ্টা পরে ওকে পাওয়া যায়।
>
> **নিমাই বিশ্বাস,** বাবা

কাঁপা কাঁপা গলায় জিষ্ণু জানায়, 'দুটো দুষ্টু লোক স্কুলের পিছনে আটকে রেখেছিল। তাদের চিনি না। ওরা আমায় চকোলেটের লোভ দেখায়। এরপর একজন বাথরুমে এসে ঢুকিয়ে দিয়ে চলে যায়। আমাকে বলে - কাউকে বলবি না। বললে যেদিন স্কুলে আসবি সেদিন আর ছাড়ব না।'

ঘটনায় আতঙ্কিত ওর বাবা নিমাই বিশ্বাস। বলেন, 'শনিবার স্কুল ছুটির পর জিষ্ণুকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। সেদিন স্কুলের সিসিটিভি ক্যামেরা বন্ধ থাকায় ও কোনওভাবে বাইরে গেছিল কি না, বুঝতে পারছিলাম না। প্রায় দেড় ঘণ্টা পরে ওকে পাওয়া যায়।'

স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা দীপান্বিতা চক্রবর্তী গুহ সমান উদ্বিগ্ন। তিনি বলেন, 'ভুলবশত ঘটনার দিন সিসিটিভি ক্যামেরা অন করা হয়নি। বাচ্চার ব্যাগ ছিল। কিন্তু তাকে পাওয়া যাচ্ছিল না। অনেক খোঁজাখুঁজি পর বাথরুমের পিছনে ভেজা অবস্থায় ওকে পাওয়া যায়। রবিবার পিছন দিকটা ঘিরে দেওয়া হয়।' তিনি আরও জানান, 'বাচ্চাটি যেহেতু বলছে ওকে দুইজন আটকে রেখেছিল তাই ওর অভিভাবকে পুলিশে অভিযোগ করার পরামর্শ দিয়েছেন।'

এলাকার কোঅর্ডিনেটর প্রদীপ কল্যাণী সহ রায়গঞ্জ থানার আধিকারিকরা এদিন স্কুলে এসেছিলেন। রায়গঞ্জ থানা তদন্ত শুরু করেছে।

# জেতায়, তৃপ্ত গম্ভীর

*প্রথম পাতার পর*

আর দেশের জার্সি গায়ে চাপানোর সুযোগ পাওয়াটা ইয়ার্কির বিষয় নয়। হিটম্যানের কথায়, 'দেশের জার্সিতে খেলাটা গর্বের, কোনও ইয়ার্কির বিষয় নয় সেটা। ২০১৯ সালের একদিনের বিশ্বকাপের আসরেও দারুণ পারফর্ম করেছিলাম আমি। ধারাবাহিকভাবে বড় রানও করেছিলাম। কিন্তু ফল কী হয়েছিল, সবারই জানা। চ্যাম্পিয়ন্স ট্রফির আসরে আমরা খেতাব জিতেছি। তাই এই প্রতিযোগিতা গুরুত্বের বিচারে অনেক বেশি মনের কাছে থাকবে।' রোহিত ফাইনালে ম্যান অফ দ্য ম্যাচ হয়েছেন। জয়ের ভিত গড়েছেন দায়িত্ব নিয়ে। চ্যাম্পিয়ন হওয়ার রাতে ভারত অধিনায়কের উপলব্ধি, তিনি একা নন। দল হিসেবে তাঁরা খেতাব জিতেছেন। আর সেই সাফল্যে সবার সমান অবদান। উদাহরণ হিসেবে লোকেশ রাহুলের কথা তুলে ধরে রোহিত বলেছেন, 'লোকেশ আমাদের সাফল্যে বড় ভূমিকা নিয়েছে। হয়তো সেঞ্চুরি করেনি ও। কিন্তু প্রতি ম্যাচে ধারাবাহিকভাবে ৩০-৪০ রান করেছে। যা আমাদের সাফল্যের পথে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।'

রোহিত যেখানে থেমেছেন, সেখান থেকেই রাতের দুবাই স্টেডিয়ামে মুখ খুলেছেন টিম ইন্ডিয়ার কোচ গম্ভীর। রোহিতরা যখন পুরস্কার মঞ্চে উৎসবের জোয়ারে ভেসেছেন। কোচ গম্ভীর সামান্য দূর থেকে সব দেখেছেন। ভারতীয় ক্রিকেটারদের উৎসবের শেষে ভারতীয় সময় প্রায় রাত সাড়ে বারোটার সময় সম্প্রচারকারী চ্যানেলে হাজির হয়েছিলেন গম্ভীর। প্রাক্তন ক্রিকেটার নভজ্যোৎ সিং সিধুর সঙ্গে ক্রিকেট নিয়ে আড্ডা দিতে গিয়ে তাঁর ভাবনার ভিন্ন একটা দিক তুলে ধরেছেন গম্ভীর। জানিয়েছেন, তিনি বিশ্বাস করেন ব্যাটাররা নির্দিষ্টভাবে ম্যাচ জেতায়। কিন্তু বোলাররা ধারাবাহিকতা বজায় রেখে প্রতিযোগিতা জেতায়। চাকরি বেঁচে যাওয়ার স্বস্তিতে ভরপুর গম্ভীরের কথায়, 'প্রথম দিন থেকেই আমরা ঠিক করেছিলাম, ছয়জন বোলার নিয়ে খেলব। প্রয়োজনে কোনও ব্যাটারকে বসিয়ে রাখা হবে। বাস্তবে সেটাই করেছি আমরা। কারণ, আমি বিশ্বাস করি ব্যাটাররা ম্যাচ জেতায়। কিন্তু বোলাররা জেতায় প্রতিযোগিতা।'

কলকাতা নাইট রাইডার্সের মেন্টর হিসেবে গম্ভীরের সাফল্যের মূলেও এমনই ভাবনা ছিল। তিনি নিজেই সেকথা গতকাল রাতে তুলে ধরেছেন দুনিয়ার দরবারে। গম্ভীরের কথায়, 'কেকেআরের আইপিএল অভিযানের সময়ও আমরা ছয়জন বোলার নিয়ে খেলেছিলাম। পরে ভারতীয় কোচ হওয়ার পর শ্রীলঙ্কা সফরে এভাবেই খেলেছিলাম আমরা। রিয়ান পরাগকে ষষ্ঠ বোলার হিসেবে ব্যবহার করা হয়েছিল। কিন্তু পরিকল্পনা কাজে লাগেনি। এখন সেই সিদ্ধান্তই সফল হয়েছে।' ভারত অধিনায়ক রোহিতের মতোই দলের অলরাউন্ডার রবীন্দ্র জাদেজার অবসর নিয়েও তৈরি হয়েছিল জল্পনা। রোহিতের মতো তিনিও এমন জল্পনাকে বাউন্ডারির বাইরে পাঠিয়ে দিয়েছেন। খেতাব জয়ের রাতে সম্প্রচারকারী চ্যানেলে কোনও মন্তব্য না করলেও পরে সমাজমাধ্যমে জাড্ডু লিখেছেন, 'দয়া করে অযথা কোনও গুজব ছড়াবেন না। ধন্যবাদ সবাইকে।' এমন বার্তায় জাড্ডু স্পষ্ট করেছেন, এখনই অবসরের পরিকল্পনা নেই তাঁর।

## ট্র্যাক্টরের ধাক্কায় জখম শ্রমিক

**গঙ্গারামপুর, ১০ মার্চ :** ট্র্যাক্টরের ধাক্কায় সোমবার গুরুতর জখম হলেন এক শ্রমিক। আহত শ্রমিকের নাম গৌতম দাস (৫৬)। বাড়ি গঙ্গারামপুর থানার জাহাঙ্গিরপুর গ্রামে। বর্তমানে তিনি গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনাটি ঘটেছে গঙ্গারামপুর শহরের বাণগড় এলাকায়।

পেশায় শ্রমিক গৌতম দাস প্রতিদিনের মতো এদিন সকালেও সাইকেলে চেপে কাজের সন্ধানে গঙ্গারামপুর আসছিলেন। বাণগড় এলাকায় আসতেই পেছন থেকে একটি ইটবোঝাই ট্র্যাক্টর তাঁকে ধাক্কা মারে। ঘটনায় তিনি গুরুতর জখম হন। স্থানীয়রা ছুটে এসে তাঁকে উদ্ধার করে গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যান। এদিকে ঘটনার ফলে বাণগড় এলাকায় যানজটের সৃষ্টি হয়। গঙ্গারামপুর থানা ও ট্রাফিক পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পাশাপাশি ঘাতক ট্র্যাক্টরটি থানায় নিয়ে আসে।

## গাড়ির ধাক্কায় আহত ৫

*প্রথম পাতার পর*

দেখভাল ও চিকিৎসার ব্যবস্থা করা হবে।' উচ্চমাধ্যমিক পরীক্ষার যুগ্ম আহ্বায়ক ডক্টর সুব্রত সাহা বলেন, 'পাঁচজন ছাত্রীর মধ্যে একজন ছাত্রী গুরুতর জখম রয়েছে। আমরা জখম ছাত্রীদের পাশে রয়েছি।'

রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের সার্জিক্যাল বিভাগের চিকিৎসক সঞ্জয় শেঠ বলেন, 'একজন ছাত্রীর মস্তিষ্কে রক্তক্ষরণ হচ্ছে। নাক ও কান দিয়ে রক্ত বের হচ্ছে। সেই কারণে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়েছে।'

রায়গঞ্জ জেলা পুলিশ সুপার মোহাম্মদ সানা আক্তার বলেন,ঘাতক গাড়িটিকে আটক করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে। কীভাবে দুর্ঘটনা ঘটল তার রিপোর্ট চাওয়া হয়েছে ট্রাফিকের কাছ থেকে।

# হিন্দির উগ্র আগ্রাসন রোধে আবার যুদ্ধে

*প্রথম পাতার পর*

করা হোক হিন্দিয়া। দল ছেড়েছেন সেখানকার বিজেপি নেত্রী। ভিজগা ইন্ধি। হিন্দি নিপাত যাক। এই স্লোগানের বয়স আরও পুরোনো। সেই পেরিয়ার ইভি রামস্বামীর আমলের। স্বাধীনতার আগে ১৯৩৭ সালে মাদ্রাজ প্রেসিডেন্সির প্রথম মুখ্যমন্ত্রী তখন সি রাজাগোপালাচারি। তিনি সব স্কুলে বাধ্যতামূলক হিন্দিশিক্ষার আদেশ দিয়েছিলেন। আর তাতেই আগুন জ্বলে ওঠে গোটা রাজ্যে। মিটিং, মিছিল, অনশন চলতে থাকে টানা তিন বছর। পুলিশ হেপাজতে প্রাণ হারান দুজন। গ্রেপ্তার হন ১১৯৩ জন। ১৯৩৯ সালে সরকারের পতনের পর ১৯৪০ সালে বাধ্যতামূলক হিন্দির আদেশ উঠে যায়।

বিন্ধ্যের উত্তরের শাসকদের বরাবরই সন্দেহের চোখে দেখেছে দাক্ষিণাত্য। হিন্দি তাদের কাছে আর্য আধিপত্যবাদ। তামিল ভাষা, সাহিত্য নিয়ে অস্মিতা এখনও অটুট। শুধু তামিলই নয়, তেলুগু ভাষার জন্য প্রাণ দিয়েছিলেন পট্টি শ্রীরামুলু। তেলুগুভাষীদের জন্য আলাদা রাজ্যের দাবিতে একটানা ৫৬ দিন অনশন করে প্রাণ দিয়েছিলেন তিনি। তারপরই নেহরু তৈরি করেন অন্ধ্রপ্রদেশ। যতই জাতীয় ঐক্যের কথা বলে হিন্দিকে চাপানোর চেষ্টা হয়েছে ততই পালটা প্রতিরোধ হয়েছে দক্ষিণে।

কর্ণাটকেও তীব্র হিন্দি বিরোধিতা মাঝেমধ্যেই মাথাচাড়া দিয়ে ওঠে। হিন্দু-হিন্দি-হিন্দুস্তানের গোবলয়ের পাচন কিছুতেই গেলানো যায়নি দক্ষিণীদের। মাতৃভাষা নিয়ে তাঁরা গর্বিত। ত্রিভাষা সূত্রের নামে হিন্দি চাপানোয় যেমন নেহরু, শাস্ত্রী, মোরারজি থেকে বাজপেয়ী, অধুনা মোদি-শা চেষ্টার কোনও ত্রুটি রাখেননি। হিন্দির প্রসারের জন্য কেন্দ্রীয় বাজেট বরাদ্দ অন্য যে কোনও ভারতীয় ভাষার তুলনায় অনেকগুণ বেশি। অথচ দেশের অন্য ভাষাগুলোও সংবিধান স্বীকৃত ভাষা। নানাভাবে নানা যুক্তিতে প্রতিবছর হিন্দি দিবসে ভাষণ দেন কেন্দ্রের মন্ত্রীরা। কর্মচারীদের জন্য চালু রয়েছে রাজভাষা পুরস্কার। বাকি ভাষারা সতিন। এই হিন্দি দিবস নিয়েই আট বছর আগে তুলকালাম বেধেছিল বেঙ্গালুরুতে। মেট্রো রেলের সাইনবোর্ড থেকে হিন্দি মুছে দিয়েছিলেন বিক্ষোভকারীরা।

আর আমাদের এখানে হিন্দি নিয়ে কথা তোলাই প্রাদেশিকতা। অথচ চোখের সামনেই ধীরে ধীরে কলকাতার কথ্যভাষা পালটে যাচ্ছে। এখন উলটে অ-বাংলাভাষীরাই হুকুম করে হিন্দিতে কথা বলতে। আমরা প্রতিবাদটুকুও করি না। পালটা যুক্তি দিয়ে আমরা বলে থাকি কলকাতা কসমোপলিটান, বহু জাতির একত্রে বাস এখানে। যেন বেঙ্গালুরু, হায়দরাবাদ, চেন্নাই কসমোপলিটান নয়।

আমরা বাচ্চাদের হাত ধরে নিয়ে যাই হিন্দি শেখার ক্লাসে। তারা বাংলা বললে অভিভাবকরা লজ্জা পান। বাচ্চার 'বাংলাটা ঠিক আসে না' বলে আত্মপ্রসাদ লাভ করে থাকেন। বাংলা এখন ধ্রুপদি ভাষা, এই স্বীকৃতি আমাদের এখনও অবশিষ্ট আত্মশ্লাঘায় সুড়সুড়ি দেয়। একুশে ফেব্রুয়ারি এই আমরাই কত কী বলে থাকি। অন্যেরা মাতৃভাষা নিয়ে যতই গর্বিত হোক, আমরা তো আর অন্যদের মতো প্রাদেশিক নই। আমরা আন্তর্জাতিকতাবাদী। ভাষার জন্য শুধু বাঙালিরাই নয়, অন্য প্রদেশের অধিবাসীরাও প্রাণ দিয়েছিলেন ক'জন জানি আমরা?

আমাদের উদ্দেশে বাংলারই এক কবি বহু আগে লিখেছেন, যেজন বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী/ সেসব কাহার জন্ম নির্ণয় না জানি।

# শংকর, মনোজকে

*প্রথম পাতার পর*

কিন্তু বিরোধী দল যে ধরনের আচরণ করল, তা কখনই সমর্থন করা যায় না। সেই কারণেই তাঁদের মার্শাল ডেকে বের করে দেওয়া হয়েছে ও এক বিধায়ককে সাসপেন্ড করে দেওয়া হয়েছে।'

বিধানসভার বাজেট অধিবেশনের প্রথম পর্বে ১৭ ফেব্রুয়ারি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ চার বিজেপি বিধায়ককে এক মাসের জন্য সাসপেন্ড করেছেন বিধানসভার অধ্যক্ষ। এদিন বিধানসভায় নিজের ঘরে বসেছিলেন শুভেন্দু। এই ঘটনার পরই পরবর্তী রণকৌশল ঠিক করতে বিজেপি বিধায়কদের নিয়ে বৈঠকে বসেন তিনি। বৈঠকে ঠিক হয়েছে, মঙ্গলবার অধ্যক্ষের সিদ্ধান্তের প্রতিবাদে বেলা ১টা থেকে ৩টে পর্যন্ত বিজেপি বিধায়করা অধিবেশন বয়কট করে বাইরে কালো ব্যাজ পরে ধর্না দেবেন। তার আগে অধিবেশন শুরুর সময় রাজ্যজুড়ে মন্দির ভাঙা ইস্যুতে মুলতুবি প্রস্তাব আনবে বিজেপি। সেই প্রস্তাব গৃহীত না হলে তার প্রতিবাদে ওয়াকআউট করে ধর্নায় বসবেন বিজেপি বিধায়করা। অধ্যক্ষের অগণতান্ত্রিক কাজের প্রতিবাদে ও বারুইপুরে মন্দির ভাঙার ঘটনায় ১৯ মার্চ বারুইপুরে অধ্যক্ষের নামে লিফলেট বিলি করবেন তাঁরা। এদিনের ঘটনায় এবারের অধিবেশনে ১৭ মার্চ পর্যন্ত ৫ বিজেপি বিধায়ক সাসপেন্ড হয়ে থাকলেন।

ছোট তারা



দীপ্তমান সাহা (৭)। কালিয়াগঞ্জের মহেন্দ্রগঞ্জ এলাকায় বাড়ি। কয়েকবছর ধরে যোগাসনে বেশ সুনাম অর্জন করেছে সে। বড় হয়ে দেশের জন্য আর্মিতে কাজ করতে চায় সে।

গৌড়বঙ্গের দুই জেলা মালদা ও রায়গঞ্জের শিশুরা বঞ্চিত হচ্ছে বিকেলের মনোরঞ্জন থেকে। কারণ, রক্ষণাবেক্ষণের অভাবে পার্কগুলির বেহাল দশা। কোথাও ভাঙা খেলার সামগ্রী। কোথাও বা পার্কে মদ্যপান, নেশার আসর। সব জেনেও পার্কগুলিতে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে নিয়ে আসার কোনও উদ্যোগ নেই প্রশাসন বা পুরসভার।

# বিবেকানন্দ পার্ক হয়ে উঠেছে নেশার আখড়া

**কল্লোল মজুমদার**

**মালদা, ১০ মার্চ :** ইংরেজবাজার পুরসভার ২১ নম্বর ওয়ার্ড। এই ওয়ার্ডের একপাশ দিয়ে বয়ে চলেছে মহানন্দা নদী। নদী আর জনবসতির বুক চিরে চলে গিয়েছে কালো পিচের রাস্তা। রাস্তার একদিকে নদী, একদিকে রেল কলোনি। আজ থেকে বেশ কয়েক বছর আগে এলাকার শিশুদের জন্য গড়ে তোলা হয়েছিল একটি পার্ক। নাম রাখা হয়েছিল স্বামী বিবেকানন্দের নামানুসারে। স্থাপন করা হয়েছিল স্বামীজির আবক্ষ মূর্তি। কিন্তু সেই পার্ক আজ সমাজবিরোধীদের আখড়া। পার্ক আজ পুরসভার বর্জ্য ফেলার ভাগাড়। যা থেকে এলাকায় যেমন দূষণ ছড়াচ্ছে, তেমনই বাড়ছে দুষ্কৃতীদের আনাগোনা।

এলাকার বিজেপি কাউন্সিলারের দাবি, পার্কের বেহাল দশা নিয়ে কয়েকবার মালদা রেলওয়ে ডিভিশনের জেনারেল ম্যানেজারের কাছে লিখিত করা হলেও কাজের কাজ হয়নি কিছুই।

সোমবার সকালে বিবেকানন্দ পার্কে গিয়ে দেখা গেল, ভেঙে পড়েছে সীমানা প্রাচীর। ভেঙে পড়ছে ছোটদের খেলার সামগ্রী। উধাও স্বামীজির মূর্তি। ইতিউতি ছড়িয়ে রয়েছে মদ আর নেশার কাফ সিরাপের বোতল। এলাকার প্রবীণদের সঙ্গে কথা বলে জানা গেল, এই ঘটনা নতুন কিছু নয়। একটা সময় নিয়মিত এই পার্কে বসত নেশার আসর। সমাজবিরোধীদের সঙ্গে ভিড় জমাত পড়ুয়ারাও। বেশ কয়েকটি অঘটন ঘটে যাওয়ার পর এলাকার মানুষও পার্কে আসা বন্ধ করে দেন। আস্তে আস্তে পুরো পার্কটিই চলে যায় দুষ্কৃতীদের দখলে। এলাকার বাসিন্দা হিমাংশু দাসের কথায়, 'মদ্যপদের দাপটে স্বামীজির অসম্মান দেখে মূর্তিটি তুলে নিয়ে যাওয়া হয়। এখন রাত হলেই নেশাড়ুদের ভিড় জমে।'

২১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা অসীম সরকারের দাবি, 'পার্কের দেওয়াল ভেঙে গিয়েছে। এলাকার যত বর্জ্য ওই পার্কে জমানো হয়। কোনও কোনও সময় আগুন লাগিয়ে দেওয়া হয়। বিষাক্ত ধোঁয়ায় ছেয়ে যায় পুরো এলাকা। এই পরিস্থিতিতে এলাকার মানুষের মধ্যে শ্বাসকষ্ট হচ্ছে।'

২১ নম্বর ওয়ার্ডের বিজেপি কাউন্সিলার সুতপা মুখোপাধ্যায়ের অভিযোগ, 'পুরো এলাকাটি এখন সমাজবিরোধীদের আখড়ায় পরিণত হয়েছে। রাত বাড়লেই নেশার আসর বসছে। আমি বেশ কয়েকবার ডিআরএমের কাছে লিখিতভাবে পার্কটি মেরামতের দাবি জানিয়েছি। আবারও দাবি জানাব। যাতে করে এলাকার পরিবেশ ঠিক হয়।'



মালদা শহরের বিবেকানন্দ পার্কের চিত্র।

> পার্কের দেওয়াল ভেঙে গিয়েছে। এলাকার যত বর্জ্য ওই পার্কে জমানো হয়। কোনও কোনও সময় আগুন লাগিয়ে দেওয়া হয়। বিষাক্ত ধোঁয়ায় ছেয়ে যায় পুরো এলাকা। এই পরিস্থিতিতে এলাকার মানুষের মধ্যে শ্বাসকষ্ট হচ্ছে।
>
> **অসীম সরকার**
> ২১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা

# ত্রিশ টাকা টিকিট, বিনোদনের ব্যবস্থাই নেই

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ১০ মার্চ :** দুই টাকা, পাঁচ টাকা নয়, রায়গঞ্জ শহরের কর্ণজোড়া বিনোদন পার্কের প্রবেশমূল্য মাথাপিছু ত্রিশ টাকা। অথচ তার বিন্দুমাত্র প্রতিফলন চোখে পড়ে না পার্কের ভেতরে। বিস্তীর্ণ এলাকাজুড়ে সবুজ গাছগাছালির ভিড়ে ছড়িয়ে থাকা বিনোদনের রকমারি সামগ্রী কার্যত ভেঙে পড়ে আছে, আবার কোনওটা বিপজ্জনক অবস্থায় হেলে পড়ে আছে। মনোরঞ্জনের আকর্ষণীয় দোলনা, হাওয়াই ঘুর্ণি সহ নানা বিনোদন খেলনাগুলো বর্তমানে সম্পূর্ণ বেহাল হয়ে পড়ে রয়েছে। এছাড়াও পার্কের ভেতরের পরিবেশ নিয়ে অভিযোগও বিস্তর। সব মিলিয়ে পার্কে প্রবেশের পর চরম হতাশ হচ্ছেন পর্যটকরা।

পার্কের দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার গোপাল দে'র দাবি, 'বছর তিনেক আগে একশোদিনের প্রকল্পের মাধ্যমে এই বিস্তীর্ণ পার্কটির সংস্কারের মাধ্যমে খোলনলচে বদলে আধুনিক রূপ দেওয়া হয়। পার্কের আকর্ষণে জেলার বিভিন্ন প্রান্ত থেকে তরুণ-তরুণী থেকে শুরু করে শিশুদের নিয়ে অভিভাবকরা সপরিবারে আসতেন। কিন্তু পার্ক নিয়ে বিস্তর অভিযোগ ওঠায় বর্তমানে পর্যটকের সংখ্যা কমতে শুরু করেছে।'

রায়গঞ্জের বাসিন্দা সুকান্ত ঘোষের কথায়, '৩০ টাকা টিকিট কেটে পার্কের ভেতরে ঢুকলে দেখা যায় সব কিছু ভেঙে পড়ে রয়েছে। শিশুদের খেলনাগুলো ব্যবহার অযোগ্য হয়ে রয়েছে। পরিবেশও ভালো নেই। ছোট ছোট বাচ্চাদের নিয়ে গিয়ে বিপদে পড়তে হয় অভিভাবকদের।'

একদিকে কুলিকে প্রবেশ অবাধ এবং অপরদিকে পার্কের বেহাল অবস্থা। সবেরই প্রভাব পড়েছে এই পার্কে।

জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ তৃণমূলের নিতাই বৈশ্য অবশ্য বলেন, 'পার্কটি বেসরকারি সংস্থার হাতে লিজ দেওয়া আছে। তাঁরা যদি সংস্কারের ব্যাপারে জানায় অবশ্যই দেখা হবে।'



*রায়গঞ্জের কর্ণজোড়া বিনোদন পার্কের বেহাল দশা। - সংবাদচিত্র*

# রোগীর হাল জানতে ১০০ টাকা 'তোলা'



**রূপক সরকার**

**বালুরঘাট, ১০ মার্চ :** রোগীর হালহকিকত জানতে বা দেখা করতেও হাসপাতালের কর্মীদের দিতে হচ্ছে টাকা। এমনই গুরুতর অভিযোগ উঠল বালুরঘাট জেলা হাসপাতালের সিসিইউ বিভাগের কর্মীদের বিরুদ্ধে। বিষয়টি জানতে পেরেই কঠোর ব্যবস্থা নিল বালুরঘাট জেলা হাসপাতাল কর্তৃপক্ষ।

ইতিমধ্যেই সিসিইউ বিভাগের কর্মীদের রোস্টার করে ডিউটি দেওয়া হচ্ছে। আবার বেশ কয়েকজনকে অন্য বিভাগে স্থানান্তরিত করা হয়েছে। পাশাপাশি সিসিইউ বিভাগে থাকা রোগীদের তথ্য এবার গুগল শিটের মাধ্যমে আপডেট দিচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। যার ফলে রোগী সহায়তাকেন্দ্রে খুব সহজেই রোগীর সম্পূর্ণ তথ্য পাবেন পরিবার পরিজনরা। এর পাশাপাশি সিসিইউ বিভাগের সামনে লাগানো হচ্ছে ডিসপ্লে বোর্ড। যেখানে থাকবে রোগীর কেস হিস্ট্রি। চলতি সপ্তাহে এইসব উদ্যোগ নিয়েছে বালুরঘাট জেলা হাসপাতাল কর্তৃপক্ষ।

এবিষয়ে রোগীর পরিজন মহাদেব সরকারের অভিযোগ, 'আমার এক আত্মীয় সিসিইউতে ভর্তি ছিলেন। সেইসময় রোগীর অবস্থা কেমন রয়েছে তার খোঁজখবর পেতে খুব সমস্যায় পড়তে হয়েছিল। সেখানকার কর্মীরা টাকা চাইছিল। বিষয়টি আমি মৌখিকভাবে হাসপাতাল কর্তৃপক্ষকে জানিয়েছিলাম।'

বালুরঘাট জেলা হাসপাতালের পুরোনো ভবনের তিনতলায় রয়েছে সিসিইউ বিভাগ। সেখানে প্রায় ২৪টি বেড রয়েছে। মুমূর্ষু রোগীদের উন্নত চিকিৎসার দেওয়ার জন্য সিসিইউতে রাখা হয়। সিসিইউ হাসপাতালের অন্য ওয়ার্ড থেকে সম্পূর্ণ আলাদা। এখানে বাইরের কাউকে সবসময় ভেতরে ঢুকতে দেওয়া হয় না।

এই সুযোগের সদ্ব্যবহার করে পরিবারের কাছ থেকে রোগীর অবস্থা কেমন আছে তা জানার জন্য টাকা নেওয়া হয়। অভিযোগ, যার কাছে যেমন পায় তেমনভাবেই ১০০ বা ১৫০ টাকা নেওয়া হচ্ছিল।

বালুরঘাট জেলা হাসপাতাল সুপার কৃষ্ণেন্দুবিকাশ বাগ বলেন, 'রোগীরা কেমন রয়েছে তা জানতে এবার ডিসপ্লে বোর্ড লাগানো হচ্ছে সিসিইউ বিভাগের সামনে। এছাড়াও রোগীর সব তথ্য গুগল শিটে দেওয়া হচ্ছে। যার ফলে কোনও কর্মীকে কিছু বলার প্রয়োজন নেই। রোগী সহায়তাকেন্দ্রে গেলেই সব জানতে পারবেন পরিবারের সদস্যরা। সিসিইউ বিভাগের কর্মী সহ হাসপাতালের আধিকারিকদের নিয়ে বৈঠক করা হয়েছে। সিসিইউ কর্মীদের মধ্যে কয়েকজনকে অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে। রোটেশন করে ডিউটি দেওয়া হচ্ছে।'

> আমার এক আত্মীয় সিসিইউতে ভর্তি ছিলেন। সেইসময় রোগীর অবস্থা কেমন রয়েছে তার খোঁজখবর পেতে খুব সমস্যায় পড়তে হয়েছিল। সেখানকার কর্মীরা টাকা চাইছিল। বিষয়টি আমি মৌখিকভাবে হাসপাতাল কর্তৃপক্ষকে জানিয়েছিলাম।
>
> **মহাদেব সরকার**
> রোগীর পরিজন

> রোগীর পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছিল। এটা জানতে পেরেই কড়া পদক্ষেপ নেওয়া হয়েছে। সিসিইউ কর্মীদের মধ্যে কয়েকজনকে অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে।
>
> **কৃষ্ণেন্দুবিকাশ বাগ**
> হাসপাতাল সুপার

# বিশেষভাবে সক্ষমরা পেল পোশাক

**গঙ্গারামপুর, ১০ মার্চ :** গঙ্গারামপুর পুরসভা এলাকার বার্ধক্যভাতা ও বিধবাভাতা প্রাপ্ত নাগরিকদের বিশেষ সহায়ক সামগ্রী বিলি করা হল সোমবার। গঙ্গারামপুর পুরসভা ভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে প্রবীণ উপভোক্তাদের হাতে ছাতা, লাঠি, লাইট, ব্যাগ সহ বিভিন্ন সামগ্রী তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন গঙ্গারামপুর পুরসভার পুরপ্রধান প্রশান্ত মিত্র, উপপুরপ্রধান জয়ন্ত দাস, এগজিকিউটিভ অফিসার পঙ্কজকুমার পুরকাইত সহ আরও অনেকে।

পুরসভার পুরপ্রধান প্রশান্ত মিত্র জানান,'পুরসভা এলাকার বার্ধক্যভাতা প্রাপক ও বিধবাভাতা প্রাপকদের বিভিন্ন সহায়ক সামগ্রী বিলি করা হল। প্রবীণ নাগরিকদের সুবিধার্থে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামীদিনে কয়েক দফায় প্রায় দু'হাজার মানুষকে সহায়ক সামগ্রী বিলি করা হবে।'

অন্যদিকে, কেউ দৃশ্য, কেউ শ্রাব্য, আবার কেউ স্নায়বিক প্রতিবন্ধকতার সঙ্গে লড়াই করছে। বিশেষভাবে সক্ষম এই শিশুদের হাতে প্রথম বিদ্যালয়ের পোশাক তুলে দেওয়া হল। নতুন পোশাক পেয়ে উচ্ছ্বসিত ছাত্রছাত্রীরা।

> এই প্রথম সরকারি উদ্যোগে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নির্দিষ্ট পোশাক বিতরণ করা হল। বিশেষভাবে সক্ষম ছেলেমেয়েরা বিদ্যালয়ের নতুন পোশাক পেয়ে ভীষণভাবে উচ্ছ্বসিত।
>
> **প্রশান্ত মিত্র**, পুরপ্রধান

গঙ্গারামপুর শহর সংলগ্ন সুচেতনা আবাসিক প্রতিবন্ধী বিদ্যাপীঠে ছাত্রছাত্রীদের নির্দিষ্ট পোশাক বিলি করা হল সোমবার। বিদ্যালয়ে একটি ঘরোয়া অনুষ্ঠানের মধ্য দিয়ে পোশাক বিলি করা হয়। উপস্থিত ছিলেন গঙ্গারামপুরের পুরপ্রধান প্রশান্ত মিত্র, বিদ্যালয়ের প্রধান শিক্ষক হীরালাল দাস, স্থানীয় কাউন্সিলার সুভদ্রা রাজবংশী সহ বিশিষ্টজনেরা। এদিন বিদ্যালয়ের ১০১জন ছাত্রছাত্রীদের হাতে বিদ্যালয়ের নির্দিষ্ট পোশাক তুলে দেওয়া হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক হীরালাল দাস জানান, 'আমাদের বিদ্যালয়ের বিশেষভাবে সক্ষম ছেলেমেয়েরা এর আগে বিদ্যালয়ের জন্য নির্দিষ্ট পোশাক পরত। এবারে প্রথম সরকারি উদ্যোগে নীল সাদা পোশাক পেল। নতুন পোশাক পেয়ে আমাদের ছেলেমেয়েরা ভীষণ আনন্দিত।'

## প্রতিবাদ

**বালুরঘাট, ১০ মার্চ :** শিক্ষামন্ত্রী নিরস্ত্র ছাত্র আন্দোলনে দমনপীড়ন নীতি নিয়ে ছাত্রছাত্রীদের ওপর আক্রমণ করেছেন। এমনই অভিযোগ তুলে বালুরঘাটে প্রতিবাদ মিছিল করল সিপিএম। বালুরঘাট এক নম্বর এরিয়া কমিটির উদ্যোগে সাড়ে তিন নম্বর এলাকা থেকে মিছিল শুরু হয়। ব্যানার,ফেস্টুন সহযোগে ধিক্কার স্লোগান দিয়ে সেই মিছিলটি জেলা কার্যালয়ে এসে শেষ হয়।

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | |
|---|---|
| **মালদা মেডিকেল কলেজ** | |
| এ পজিটিভ | ২৬ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১৫৮ |
| বি নেগেটিভ | ৩ |
| এবি পজিটিভ | ২৯ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ১৬৬ |
| ও নেগেটিভ | ১ |
| (এই সংখ্যা লোহিত রক্ত কণিকার) | |
| **রায়গঞ্জ মেডিকেল** | |
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |
| **বালুরঘাট হাসপাতাল** | |
| এ পজিটিভ | ২ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ৫ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ১ |





*জেতার পর আনন্দ (বামে)। পুড়ছে বাজার। রবিবার রাতে মালদায়। - স্বরূপ সাহা*

## বেআইনি বাজার, মন্তব্য চেয়ারম্যানের

# উচ্ছ্বাসের বাজিতে হকার্স মার্কেটে আগুন

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ১০ মার্চ :** চ্যাম্পিয়ন ট্রফিতে ভারত চ্যাম্পিয়ন হতেই মালদার রাজপথে নেমে পড়ে হাজারো মানুষ। গভীর রাতে শুরু হয় শব্দবাজির তাণ্ডব। সঙ্গে আতশবাজি। আর সেই আতশবাজির আগুন গিয়ে পড়ে মালদা শহরের প্রাণকেন্দ্র পোস্ট অফিস মোড় সংলগ্ন হকার্স মার্কেটে। বাজারের টিনের আচ্ছাদনে পড়া বাজির আগুনের ফুলকি পরপর বেশ কয়েকটি দোকানে আগুন লেগে যায়। এসময় ফোয়ারা মোড়ে কর্তব্যরত পুলিশকর্মীদের তৎপরতায় দমকল কর্মীরা মুহূর্তের মধ্যেই ঘটনাস্থলে এসে পৌঁছায়। কর্মীদের প্রচেষ্টায় মাত্র ১৫ মিনিটের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আসে।

একটি স্টেশনারির দোকান সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়। আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে বেশ কয়েকটি কাপড়ের দোকানও। ক্ষয়ক্ষতির পরিমাণ লক্ষাধিক টাকা বলে জানিয়েছেন হকার্স মার্কেটের ব্যবসায়ীরা। ঘটনায় তীব্র আতঙ্ক ছড়িয়েছে মালদা শহরজুড়ে। ফের মালদা শহরের বাজারগুলির বেহাল অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। এই হকার্স মার্কেটকে বেআইনি বলে মন্তব্য করেছেন ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান।

মালদা হকার্স মার্কেটের নৈশপ্রহরী দীপক চৌধুরী জানিয়েছে, 'রবিবার রাতে ফোয়ারা মোড়ে দফায় দফায় হাজারো মানুষ ভারতের চ্যাম্পিয়ন ট্রফি জয়ের আনন্দে বাজি ফাটাচ্ছিলেন। এই বাজির আগুন এসে পড়ে হকার্স মার্কেটের টিনে। এখানে পড়ে থাকা গাছের শুকনো পাতা থেকে আগুন লেগে যায়।'

তাঁর আরও দাবি, 'আমি গিয়ে ট্রাফিক পুলিশকে জানাই। তাঁরা সঙ্গে সঙ্গে দমকল কর্মীদের ফোন করেন। খবর পাওয়ার ৫ মিনিটের মধ্যেই দমকলের বড় ইঞ্জিন নিয়ে এসে পৌঁছান কর্মীরা। তখনও পরপর বেশ কয়েকটি দোকানে দাউদাউ করে আগুন জ্বলছিল। তবে তাঁদের তৎপরতায় ১৫ মিনিটের মধ্যে আগুন নিয়ন্ত্রণে চলে আসে।'

হকার্স মার্কেটের সম্পাদক গৌতম কুণ্ডুর অভিযোগ, 'যে কোনও উৎসবে ফোয়ারা মোড়ে মানুষ আনন্দ উচ্ছ্বাস করে বাজি ফাটায়। এনিয়ে প্রশাসনের কড়া হওয়া উচিত। কারণ, পাশেই রয়েছে এতবড় হকার্স মার্কেট। এদিন যথাসময়ে দমকল কর্মীরা না আসলে গোটা বাজার ভস্মীভূত হতে পারত।'

এই ঘটনার পর ২০২৩ সালের ভয়াবহ স্মৃতি উসকে দিয়েছে শহরবাসীকে। ওই বছর নেতাজি পুরবাজারে থাকা এক বাজি ও কার্বাইটের গোডাউন থেকে বিধ্বংসী অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনায় দুইজন শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটে। আগুন নেভাতে গিয়ে পর্যাপ্ত জলের অভাবে কালঘাম ছুটেছিল দমকল কর্মীদের। সেই আগুন নিয়ন্ত্রণে আনতে ৯ ঘণ্টারও বেশি সময় লেগেছিল।

মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের সম্পাদক উত্তম বসাকের দাবি, 'বাজি পটকা নিরাপদ জায়গায় ফাটানো উচিত। ফোয়ারা মোড় অত্যন্ত বিপজ্জনক এলাকা। এখানে আগুন লাগলে শুধু হকার্স মার্কেট নয়, ভয়াবহ বিপদ আসবে চিত্তরঞ্জন মার্কেটেও। আমরা এনিয়ে জেলা প্রশাসনের সঙ্গে কথা বলব।'

> সরকারি জায়গা জবরদখল করে বাজার চলছে। প্রশাসন এনিয়ে ভাববে। আমাদের কিছু করার নেই। আমাদের সাহায্য চাইলে তখন ভাবব।
>
> **কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী**
> চেয়ারম্যান, ইংরেজবাজার পুরসভা

# অগ্নিনির্বাপণ ব্যবস্থার পরিকাঠামো নিয়ে প্রশ্ন মালদায়

**অরিন্দম বাগ**

**মালদা, ১০ মার্চ :** মালদা শহরের বাজারগুলো যেন জতুগৃহ। কিছুদিন আগেই নেতাজি পুরবাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় দুই শ্রমিকের মৃত্যু হয়েছিল। গতকালও হকার্স মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই পরিস্থিতিতে ফের পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থার পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি অবৈধ দখলদারি মুক্ত করার দাবি উঠতে শুরু করেছে।

চিত্তরঞ্জন মার্কেটের এক কাপড় ব্যবসায়ী গোবিন্দ মানি জানান, 'গতকাল পোস্ট অফিস মোড় সংলগ্ন হকার্স মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছিল। এর আগে চিত্তরঞ্জন মার্কেটেও অগ্নিকাণ্ডে ভালো ক্ষয়ক্ষতি হয়েছিল। গরম পড়তে শুরু করেছে, অগ্নিকাণ্ডের সম্ভাবনাও বাড়ছে। চিত্তরঞ্জন মার্কেটের বেশিরভাগ দোকানেই অগ্নিনির্বাপণ ব্যবস্থা নেই। একটি আন্ডারগ্রাউন্ড রিজার্ভার আছে, তবে তাতে জল রয়েছে কিনা জানা নেই। কোনওভাবে অগ্নিসংযোগ হয়ে গেলে দমকল ঢোকার রাস্তাও বেআইনি পার্কিংয়ের জেরে বন্ধ হয়ে রয়েছে। পুরসভা ও প্রশাসনের বিষয়গুলির দিকে নজর দেওয়া উচিত।'

নাম প্রকাশে অনিচ্ছুক নেতাজি পুর বাজারের এক ব্যবসায়ীর দাবি, 'কিছুদিন আগেই নেতাজি পুর বাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় দুই শ্রমিকের মৃত্যু হয়েছিল। সাতসকালে সেই ঘটনা ঘটায় দমকল ঘটনাস্থল পর্যন্ত পৌঁছতে পেরেছিল। সেই ঘটনার পর দমকলের রাস্তা রাখতে পুরসভা ও প্রশাসন উদ্যোগ নিয়ে অবৈধ দখলদারি মুক্ত করতে নেমেছিল। কিন্তু আবার আগেই মতোই পরিস্থিতি। দুধারে অস্থায়ী দোকান বসায় রাস্তা সংকীর্ণ হয়ে গিয়েছে। প্রশাসন ও পুরসভার উচিত বিষয়গুলির দিকে নজর দেওয়া।'

মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের সভাপতি জয়ন্ত কুণ্ডু বলেন, 'ইংরেজবাজার পুরসভার মধ্যে অনেকগুলি মার্কেট রয়েছে। তেমনই এক হকার্স মার্কেটে গতকাল আগুন ধরে গিয়েছিল। সেখানে অগ্নিনির্বাপণ ব্যবস্থা নেই। শুধু তাই নয়, অগ্নিনির্বাপণ দপ্তরের নির্দেশমতো ব্যবস্থা রাখা কিংবা ফায়ার সেফটি লাইসেন্স পুরসভার কোনও মার্কেটেই নেই। দু-একটি মার্কেটে আন্ডারগ্রাউন্ড রিজার্ভার রয়েছে। তবে বড়সড়ো দুর্ঘটনা ঘটলে এই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার মতো পরিকাঠামো কোনও মার্কেটে নেই। আমরা চাইব, অবিলম্বে এসব পরিকাঠামো তৈরি করা হোক। পুরসভা এগিয়ে এলে মার্চেন্ট চেম্বার অব কমার্স সবসময় তাদের সহযোগিতা করবে।'

# চ্যাম্পিয়ন ও শিক্ষকদের সংবর্ধনা

**গঙ্গারামপুর, ১০ মার্চ :** সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে উন্নীত হওয়া চারজনকে শুক্রবার সংবর্ধনা দেওয়া হল গঙ্গারামপুর পশ্চিম চক্রের কড়িয়াল জুনিয়ার বেসিক স্কুলে। সম্প্রতি স্কুলের চার শিক্ষক সুব্রতকুমার দেব, গোপাল বসাক, রতন চক্রবর্তী ও তাশী তামাং প্রধান শিক্ষক পদে উন্নীত হয়ে কড়িয়াল জুনিয়ার বেসিক স্কুল ছেড়ে যান। তাঁদেরকেই এদিন সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গঙ্গারামপুর পশ্চিম চক্রের ভারপ্রাপ্ত এসআই মদন বর্মন, প্রধান শিক্ষক রবীন্দ্রনাথ ভৌমিক প্রমুখ।

এদিকে, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ আয়োজিত প্রাথমিক পড়ুয়াদের রাজ্যস্তরের ক্রীড়া প্রতিযোগিতায় ৭৫ মিটার দৌড়ে রাজ্য চ্যাম্পিয়ন রিফান মণ্ডলকে মঙ্গলবার তার স্কুল কুরুমসুর প্রাথমিক বিদ্যালয় থেকে দেওয়া হল বিশেষ সংবর্ধনা। রীতিমতো ব্যান্ড বাজিয়ে, ১৪টি টোটো নিয়ে প্রায় ১৫ কিলোমিটার রাস্তা পরিক্রমা করা হয়। স্কুলের তরফে রিফানের হাতে তুলে দেওয়া হয় একটি সাইকেল, ফুটবল, খেলার সামগ্রী ও চকোলেট। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গঙ্গারামপুর উত্তর চক্রের এসআই সুনীলকুমার দাস, কুরুমসুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রদীপ মল্লিক সহ বহু অভিভাবক, ছাত্রছাত্রী ও গ্রামবাসী।

# গাজোল-ডালখোলা রেল প্রকল্প আজও অধরা

## বাস্তবায়নের দাবিতে সরব রেল উন্নয়ন মঞ্চ

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ১০ মার্চ :** সকালের কুলিক এক্সপ্রেস ও বিকেলের শিলিগুড়ি-রাধিকাপুর ট্রেন ছাড়া নতুন কোনও ট্রেন চালু ও পুরোনো রেলপথ প্রকল্পগুলি বাস্তবায়িত হয়নি রায়গঞ্জে। রায়গঞ্জবাসীর দীর্ঘদিনের দাবি গাজোল-ডালখোলা রেলপথের স্বপ্ন আজও অধরা। অথচ প্রস্তাবিত ওই রেলপথ চালু হলে জেলার মানচিত্রের আমূল পরিবর্তন হবে। অর্থনীতির ক্ষেত্রে বিপ্লব ঘটবে। অভিযোগ, গত ছয় বছর ধরে কেন্দ্রে বিজেপি সরকার ও রায়গঞ্জে বিজেপি সাংসদ থাকা সত্ত্বেও গাজোল-ডালখোলা রেল প্রকল্পের কাজ এককদমও এগোয়নি। এই প্রকল্প বাস্তবায়নের জন্য উদ্যোগী হয় সেজন্য রায়গঞ্জের বণিকসভাগুলির পাশাপাশি উত্তর দিনাজপুর রেল উন্নয়ন মঞ্চ সাংসদ কার্তিক পালকে লিখিত আকারে জানিয়েছেন।

জেলা কংগ্রেসের সভাপতি মোহিত সেনগুপ্তের কথায়, 'বিজেপি আর তৃণমূল জেলার উন্নয়নে কোনও কাজ করেনি। তারা শুধু ধোকা দিয়ে গেছে। আমাদের প্রাক্তন সাংসদ প্রয়াত প্রিয়রঞ্জন দাসমুন্সী, দীপা দাসমুন্সী জেলার রেল পরিষেবার পাশাপাশি এইমস প্রকল্প বাস্তবায়নের চেষ্টা চালিয়ে গেছেন। তাদের সময়ে প্রকল্পগুলি এসেছে।'

বিধায়ক কৃষ্ণ কল্যাণীর বক্তব্য, 'রায়গঞ্জে রেল পরিষেবা উন্নয়নে প্রাক্তন সাংসদ ও কেন্দ্রের বিজেপি সরকার কোনও কাজ করেনি। গাজোল-ডালখোলা রেল প্রকল্পের ব্যাপারে আমাদের দলের সাংসদের মাধ্যমে সংসদে তোলা হবে। দিল্লিগামী ট্রেন সাতদিন চালু করতে হবে।'

এই রেল প্রকল্প চালু হলে জেলার গুরুত্ব বৃদ্ধির সঙ্গে সঙ্গে শিল্পের সম্ভাবনাও বাড়বে। বর্তমানে রায়গঞ্জ থেকে রাধিকাপুর-কলকাতা এক্সপ্রেস বারসই ঘুরে মালদা হয়ে কলকাতা পৌঁছায়। প্রস্তাবিত রেলপথ চালু হলে মালদা স্টেশনের পর গাজোল ও ইটাহার হয়ে রায়গঞ্জে ঢুকে পড়বে ট্রেন। রায়গঞ্জ থেকে শিলিগুড়িগামী ট্রেন টুঙ্গিদিঘি, করণদিঘি হয়ে পৌঁছে যাবে ডালখোলায়। এই রেলপথ চালু হলে শুধুমাত্র রায়গঞ্জ-কলকাতা রেলপথই নয়, রায়গঞ্জ-নিউ জলপাইগুড়ির মধ্যেও দূরত্ব কমে যাবে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটবে।

সড়ক পথে রায়গঞ্জ থেকে মালদা শহরের দূরত্ব ৭৫ কিলোমিটার। অথচ বারসই হয়ে মালদা টাউন স্টেশনের দূরত্ব ১১৪ কিমি। মালদা থেকে গাজোল, ইটাহার হয়ে রেলপথে রায়গঞ্জ যাতায়াতের পথ তৈরি হলে সেই দূরত্বটাই কমে আসবে ৪০ কিমিতে। রায়গঞ্জ মার্চেন্টস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক তথা কাটিহার ডিভিশনের রেল পরামর্শদাতা কমিটির সদস্য অতনুবন্ধু লাহিড়ি বলেন, 'গাজোল-ডালখোলা রেলপথ সম্প্রসারণ আমাদের দীর্ঘদিনের দাবি। আমরা সংগঠনগতভাবে বিধায়ক, সাংসদ এবং কাটিহারের ডিআরএমকে একাধিকবার জানিয়েছি, কিন্তু কোনও হেলদোল দেখতে পাচ্ছি না।'

> আমাদের প্রধান দাবি গাজোল-ডালখোলা রেল প্রকল্পের কাজ শুরু করতে হবে। আমরা সাংসদকে এব্যাপারে আবার অবগত করছি সোশ্যাল মিডিয়ার মাধ্যমে।
>
> **অঙ্কুশ মৈত্র**, সাধারণ সম্পাদক

